Department Of Media Studies And Journalism

Internship Report

Prepared By

Sadia Akter

213012013

Term: Fall 2025

Course Code: MSJ4298

Host Organization

Submission Date: 13.12.2025

Table of contents

Topic	Page Number
Students and Internship Details	3
Acknowledgement	4
Plagiarism Declaration	5
Internship Report Approval Form	6
Introduction	7
Objectives and Expectations	8
Host Organization	9
Organogram	10
Work Environment	11
Task as an Intern	12
Project 1	14
Project 2	18
Project 3	22
Project 4	31
Project 5	37
Project 6	45
Project 7	52
Project 8	60
Project 9	65
Project 10	67
Internship Outcome	69
Workplace Log	70
Self Assessment Form	84
Professional Competencies	86
Appendix	87
Workslink	97

Student Details

Name	Sadia Akter
ID	213012013
Department	Media Studies and Journalism
Major Concentration	Public Relations
Minor Concentration	Sustainable Development Studies
Career Objectives	To develop a career in the media industry by applying my creativity and skills

Internship Details

Host Organization	News24
Address	East west media group PLC, plot no 371/A, Road no:D, Bashundhara R/A, 1229 Dhaka
Website	https://news24bd.tv/
Host Organization Supervisor	Syed Palash
Internship Area	News presenter
Internship Start Date	05 September, 2025
Internship End Date	05 December, 2025
Average Working Hours	07 hours
Weekly Working Hours	42 hours
Total Working Period	12 weeks

Acknowledgement

First and foremost, I offer my profound gratefulness to the Almighty for the strength and capability to complete this academic and professional period.

This report, grounded on my successful internship at News24, would not have been possible without the nonstop support and guidance of every individual. I'm deeply thankful to the University of Liberal Arts Bangladesh (ULAB) for furnishing the academic foundation and the occasion to take over this program. I extend my sincerest appreciation to my internship advisor at ULAB, Syeda Sadia Mehjabin, for her precious guidance, support throughout my academic career.

I'm also profoundly thankful to the entire team at News24 for allowing me to learn and contribute to their news operations. My sincere thanks go to my internship supervisor, Executive Producer of News24 Syed Palash, for his exceptional mentorship, formative feedback and the opportunity to grow as a professional. Also, I thank the Head of News, Shariful Haque Khan, for his support and enabling me to engage in different and important areas of the newsroom.

This practical experience has helped me build confidence and prepare myself for the future career in journalism.

MSJ041

PLAGIARISM DECLARATION

1. I know that plagiarism means taking and using the ideas, writings, works, or inventions of another as if they were one's own. I know that plagiarism not only includes verbatim copying but also the extensive use of another person's ideas without proper acknowledgement (which includes the proper use of quotation marks). I know that plagiarism covers this sort of use of material found in textual sources and from the Internet.

2. I acknowledge and understand that plagiarism is wrong.

3. I understand that my research must be accurately referenced.

4. This assignment is my own work or my group's own unique group assignment. I acknowledge that copying someone else's assignment, or part of it, is wrong, and that submitting identical work to others constitutes a form of plagiarism.

5. I have not allowed, nor will I in the future allow, anyone to copy my work with the intention of passing it off as their own work.

Name: Sadia Akter

ULAB ID: 213012013

Signature ____Sadia.____

MSJ041(00)

MSJ042

INTERNSHIP REPORT APPROVAL FORM

Student Name: Sadia Akter ID No: 213012013

Major: Public Relations Year: 2025

Local Phone: 01781570802 Email: sadia.akter.msj@ulab.edu.bd

INTERNSHIP/PROJECT INFORMATION

Internship

Organization/Project: News24

Internship /Project Report

Topic: News Presenter

Semester (Tick one): □ Spring 2025 □ Summer 2025 ☑ Fall 2025

Advisor APPROVAL

(Please place a Tick)

☑ Approved □ Not Approved

Remarks (If Not Approved/Pretrial/Full Rewrite):

□ Partial Re-write □ Full Re-write

Signature: Date:

Name: Syeda Sadia Mehjabin Title: Senior Lecturer

E-mail: sadia.mehjabin@ulab.edu.bd

Phone: 01713008008

Introduction

My Internship Journey at News24 as a final year Journalism and Mass Communication student at ULAB, my required internship at News24 was an incredible moment. News24, being one of Bangladesh's private satellite TV channels, offered an experience that was far more than just fulfilling a degree requirement; it was a profound thing into the realities of broadcast media.

The core of my work revolved around the role of a News Presenter. This was a high stakes, practical application of everything I had learned academically. My daily responsibilities included presenting both Bangla and English news bulletins, demanding clarity, accuracy and strong on air presence. Beyond the structured news reports, I also had the opportunity to participate actively in live political talk shows. This engagement was crucial, teaching me how to think quickly, manage pressure and handle complex public discourse in real time.

The practical exposure gained at News24 was simply invaluable. I learned to operate effectively within the dynamic, high pressure environment of a newsroom. I developed a deeper understanding of the editorial process, from story selection to final presentation. Most importantly, this experience helped my ability to manage diverse tasks and responsibilities with the professionalism demanded by the industry. This internship did not just tick a box on my degree requirement; it equipped me with the confidence in skills necessary to step into the world of professional journalism.

Objectives and Expectations

The main ideal of this internship was to bridge the gap between academic literacy and professional practice, gaining essential experience in broadcast journalism. Specifically, I aimed to achieve capability in core news donation chops, including learning confident delivery, voice modulation for both Bangla and English bulletins. I also understand the practical workflow of a professional newsroom and develop the logical thinking skills needed for participation in current affairs talk shows.

My particular expectation was this experience would be necessary in my media career. It greatly improved my communication and writing skills by helping me prepare and present in a very short time. Most importantly, I gained exposure to the office, where I was involved in editing international desk news reports, reading bulletins and doing shows. These are thereby enhancing my capability to handle complex information with delicacy and quality.

Eventually, this internship has been a career defining experience. The different works acquired from anchoring news and engaging in political conversations to desk reporting have trained me with the versatility and professional foundation demanded to succeed in the demanding media industry.

Host Organization

News24 is one of the leading satellite TV channels in Bangladesh, devoted to furnishing 24/7 news channels. The channel is owned by East West Media Group, an affiliate of Bashundhara Group, and is grounded in the Bashundhara Residential Area, Dhaka. Launched on July 28, 2016, News24 has established a significant presence in the country's broadcast media geography.

The channel is committed to furnishing comprehensive content of high quality news with delicacy. News24 covers a wide range of motifs, including public and transnational news, politics, international news, sports and entertainment. The editorial department is composed of educated intelligencers devoted to high norms of brave, investigative and neutral journalism. They strive to deliver in-depth analysis and real time updates on stories that count to the followership. News24’s primary ideal is to lead the media space with believable, applicable content, maintaining its commitment to fair and balanced reporting without fear.

Organogram


NEWS24
ORGANOGRAM
CHAIRMAN
MANAGING DIRECTOR
CEO
Current Affairs
News
Reporting
Broadcast & Eng.
Video Editing
Video Grapy
HR & Admin
Marketing
Head of Current Affairs
Head of News
Chief News Editor
Head of English News
Planning Editor
Sr. News Editor
News Editor
Joint News Editor
Audio Editor
Newsroom Editor
Newsroom Editor Cum Presenter
Executive Producer
Producer News
Production
Production Executive
Makeup Artist
Chief Reporter
Sr. Staff Reporter
Staff Reporter
Desk Reporter Cum Presenter
Business Reporter
Trainee Reporter / Presenter
Appt. Reporter
Head of B.O& E
Deputy Head of B.O.E
Head of creative cell
Sr. Manager Operation
Manager BO / Electrical / Cable Operation
Sr. Executive (IT)
Executive (IT)
Sr. Motion Graphics
Motion Graphics
Maintenance Engineer
Jr. Mainte. Eng.
Main. Technicians
Executive (MCR)
Sr. Light man
Asst. Light man
Electricians
On line Video Editor
Sr. Video Editor
Video Editor
Videographer
Sr. Camera Person
Camera Person
Apprt.Camera Person
Deputy Manager HR & Admin
Executive HR & Admin
Store Executive
Transport Supervisor
Office Peons
Drivers
Manager MKT
Sr Executive MKT
Executive MKT
Asst. Executive MKT

Work Environment

The work environment at News24 is very active and friendly, which is normal for a 24/7 news channel. It is a place where professionalism and high energy come together, making the work both challenging and very rewarding. Because news is always changing, the environment requires punctuality and the ability to work under pressure.

The newsroom is very supportive and team oriented. Whenever I had any confusion or difficulty, my supervisors and team members always helped me, which made the workflow smooth. Working with talented presenters and journalists taught me a lot. My supervisor Syed Palash, and the Head of News, Shariful Haque Khan always encouraged me and gave useful feedback that helped me to improve. This supportive environment helped me gain confidence and grow as a broadcast journalist.

Tasks as an Intern

My internship focused on the role of a News Presenter in live broadcasting and on Desk reporting. My main tasks were:

- Presenting Bangla and English news bulletins on air.
- Hosting live political talk shows.
- Working with the International Desk to choose, edit and translate international news.
- Writing, translating and editing news scripts for international bulletins.
- Practicing on-screen news delivery to improve my presentation skills.
- Helping the editorial team by checking information and verifying facts.

Project Details

Number of total news	**270**
Number of published news	**270**

PROJECTS

Project 1:

Project Title: ব্রাজিলের রিওতে পুলিশের অভিযানে নিহত ১৩২/ শহরজুড়ে তীব্র আতঙ্ক ও ক্ষোভ/ বিতর্কের মুখে কর্তৃপক্ষ

Type of Work: Desk Report

Project Date: 30 October, 2025

Project Details: This project is a desk report about a deadly anti-drug operation conducted by the police in Rio de Janeiro, Brazil. The operation led to the deaths of 132 people, creating fear and anger among the public. Many questioned the legitimacy of the operation, especially because bodies were seen lying on the streets. Although the governor claimed the operation was legal and not intended to kill, the incident created nationwide controversy. In this project, I edited the original script, corrected the structure and made it suitable for broadcasting.

My Roles and responsibility:

- Collect data from international news sites and agencies.
- Translate English to Bangla.
- Write script and quotes from the original script.
- Maintain accuracy and neutrality while rewriting.
- Correct the structure of the news story
- Give voice over.
- Provide appropriate captions and thumbnails.

Challenges:

Since this was a sensitive and violent incident involving a large number of deaths, it was challenging to present the information in a balanced and neutral way. I had to be very careful with the wording so that it did not sound biased toward either the police or the protesters. Another challenge was organizing the information from different parts of the report OC, PKG, SOT and payoff into a clear and logical structure. In addition, translating and using accurate terms such as slum areas, locations and official statements was also difficult because any small mistake could change the meaning of the news.

My Edited Copy

OC:

পুলিশের মাদকবিরোধী অভিযানে ব্রাজিলের রিও ডি জেনিরোতে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৩২ জনে। অভিযানের পর সড়কে মরদেহের স্তূপ পড়ে থাকতে দেখা যায়, এতে শহরজুড়ে তীব্র আতঙ্ক ও ক্ষোভের জন্ম দিয়েছে। এমন প্রাণহানির ঘটনায় হতবাক প্রেসিডেন্ট লুলা। অন্যদিকে, রিও গভর্নর এই অভিযানকে বৈধ বলে দাবি করলেও, কাউকে হত্যার উদ্দেশ্য ছিল না বলে জানিয়েছেন তিনি।

PKG:

আপস...

রিও ডি জেনিরোর ফাভেলা বা বস্তি এলাকাগুলোর রাস্তায় এখন শুধুই মরদেহের স্তূপ। মাদকচক্র বিরোধী অভিযানের পর এমন দৃশ্য দেখে আতঙ্কিত ও ক্ষুব্ধ স্থানীয় বাসিন্দারা। এটি পুলিশের নির্বিচারে চালানো হত্যাযজ্ঞ ছিলো বলে অভিযোগ তাদের। এর প্রতিবাদে শহরজুড়ে চলছে বিক্ষোভ, বাসিন্দারা চাইছেন ন্যায়বিচার।

আপস...

জাতিসংঘের জলবায়ু সম্মেলনের মতো বড় আন্তর্জাতিক আয়োজনের আগেই শহরকে নিরাপদ করতে এই অভিযান চালানো হয়। রিও গভর্নর এই অভিযানকে বৈধ বললেও জানিয়েছেন, কাউকে হত্যার উদ্দেশ্য তাদের ছিল না।

সট: (ক্লডিও কাস্ত্রো,গভর্নর, রিও ডি জেনিরো)

<আমাদের উদ্দেশ্য কাউকে হত্যা করা ছিল না। আমরা তাদের সবাইকে জীবিত গ্রেপ্তার করতে চেয়েছিলাম। কিন্তু এটি ছিল অপরাধীদের চালানো পাল্টা আক্রমণের ফল।>

কর্তৃপক্ষ জানিয়েছে, অভিযানে ১১৩ জন সন্দেহভাজনকে গ্রেপ্তার এবং বিপুল পরিমাণ আগ্নেয়াস্ত্র জব্দ করা হয়েছে। তবে ফেডারেল সরকারকে না জানিয়ে চালানো এই অভিযান নিয়ে উঠেছে নানা প্রশ্ন।

পে অফ।

Final and Edited copy

ব্রাজিলের রিওতে পুলিশের অভিযানে নিহত ১৩২/ শহরজুড়ে তীব্র আতঙ্ক ও ক্ষোভ/ বিতর্কের মুখে কর্তৃপক্ষ

OC:

ব্রাজিলের রিও ডি জেনিরোতে পুলিশের মাদকবিরোধী অভিযানে মৃতের সংখ্যা বেড়ে ১৩২ জনে দাঁড়িয়েছে। অভিযানের পর সড়কে মরদেহের স্তূপ পড়ে থাকতে দেখা যায়, যা শহরজুড়ে তীব্র আতঙ্ক ও ক্ষোভের জন্ম দিয়েছে। এমন প্রাণহানির ঘটনায় হতবাক প্রেসিডেন্ট লুলা। অন্যদিকে, রিও গভর্নর এই অভিযানকে বৈধ বলে দাবি করলেও, কাউকে হত্যার উদ্দেশ্য ছিল না বলে জানিয়েছেন তিনি।

PKG:

আপস...

রিও ডি জেনিরোর ফাভেলা বা বস্তি এলাকাগুলোর রাস্তায় এখন শুধুই মরদেহের স্তূপ। মাদকচক্র বিরোধী অভিযানের পর এমন দৃশ্য দেখে আতঙ্কিত ও ক্ষুব্ধ স্থানীয় বাসিন্দারা। তাদের অভিযোগ, এটি ছিল পুলিশের নির্বিচারে চালানো হত্যাযজ্ঞ। এর প্রতিবাদে শহরজুড়ে চলছে বিক্ষোভ, বাসিন্দারা চাইছেন ন্যায়বিচার।

আপস...

জাতিসংঘের জলবায়ু সম্মেলনের মতো বড় আন্তর্জাতিক আয়োজনের আগেই শহরকে নিরাপদ করতে এই অভিযান চালানো হয়। রিও গভর্নর এই অভিযানকে বৈধ বললেও জানিয়েছেন, কাউকে হত্যার উদ্দেশ্য তাদের ছিল না।

সট:(ক্লডিও কাস্ত্রো, গভর্নর, রিও ডি জেনিরো)

<আমাদের উদ্দেশ্য কাউকে হত্যা করা ছিল না। আমরা তাদের সবাইকে জীবিত গ্রেপ্তার করতে চেয়েছিলাম। কিন্তু এটি ছিল অপরাধীদের চালানো পাল্টা আক্রমণের ফল।>

আপস...

কর্তৃপক্ষ জানিয়েছে, অভিযানে ১১৩ জন সন্দেহভাজনকে গ্রেপ্তার এবং বিপুল পরিমাণ আগ্নেয়াস্ত্র জব্দ করা হয়েছে। তবে ফেডারেল সরকারকে না জানিয়ে চালানো এই অভিযান নিয়ে উঠেছে নানা প্রশ্ন।

পে অফ।

Before Editing	After Editing
পুলিশের মাদকবিরোধী অভিযানে ব্রাজিলের রিও ডি জেনিরোতে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৩২ জনে।	ব্রাজিলের রিও ডি জেনিরোতে পুলিশের মাদকবিরোধী অভিযানে মৃতের সংখ্যা বেড়ে ১৩২ জনে দাঁড়িয়েছে।
এতে শহরজুড়ে তীব্র আতঙ্ক ও ক্ষোভের জন্ম দিয়েছে।	যা শহরজুড়ে তীব্র আতঙ্ক ও ক্ষোভের জন্ম দিয়েছে।
এটি পুলিশের নির্বিচারে চালানো হত্যাযজ্ঞ ছিলো বলে অভিযোগ তাদের।	তাদের অভিযোগ, এটি ছিল পুলিশের নির্বিচারে চালানো হত্যাযজ্ঞ।

Mistakes:

- I initially used some emotionally strong words that sounded more like an opinion than a news report.
- Repeated some information from the OC to the PKG part by mistake.

Learning Outcomes:

- How to maintain a strong and consistent news tone.
- How to present sensitive information accurately.
- How to connect SOT properly in a broadcast report.

Published Copy:

https://www.facebook.com/share/v/19Ar12oZRx/

Project 2:

Project Title: নিউ ইয়র্কের নয়া মেয়র জোহরান মামদানি/ জোহরানের হাতে নিউ ইয়র্কের চাবি: ইতিহাস, হুল্লোড় আর ট্রাম্পের হুঁশিয়ারি

Type of Work: Desk Report

Project Date: 05 November, 2025

Project Details:

This project is about editing a news script on the historic election of Zohran Mamdani as the 111th mayor of New York City. The original script discussed his identity, political promises, reactions, controversies and national political impact. My task was to rewrite and edit the script so that it becomes more structured, news-friendly and suitable for broadcasting. I improved sentence flow, clarity, transitions and overall news tone.

My Roles and responsibility:

- Read news from different international portals.
- Collect data and translate it into Bangla from English.
- Organize the story in a proper news structure.
- Write script, give voice over.
- Provide appropriate captions and thumbnails.

Challenges:

Since this project was related to a highly political topic, it was challenging to maintain neutrality while writing the report. There were strong opinions and reactions from both supporters and opponents, so I had to be careful not to sound biased toward any political party or individual. Another major challenge was organizing a large amount of political information, reactions and background details into a well structured news package. In addition, using correct political terms such as Democratic Socialist, progressive wing and election related expressions accurately was also difficult and required extra attention.

My Edited copy

OC:

নিউ ইয়র্কের ইতিহাসে তৈরি হলো এক নতুন অধ্যায়। শহরের ১১১তম মেয়র হিসেবে ঐতিহাসিক জয় পেলেন ডেমোক্রেটিক সোশ্যালিস্ট জোহরান মামদানি। শুধু প্রথম মুসলিম বা দক্ষিণ এশীয় নয়, এক শতাব্দীরও বেশি সময়ের মধ্যে সর্বকনিষ্ঠ মেয়র তিনি। তার এই বিজয় শহরজুড়ে

একদিকে যেমন উৎসবের ঢেউ তুলেছে, তেমনি উস্কে দিয়েছে তীব্র রাজনৈতিক মেরুকরণ আর বিতর্ক।

PKG:

আপস...

জোহরান মামদানির হাত ধরে নিউ ইয়র্ক সিটি তার রাজনৈতিক ইতিহাসে বাঁক নিয়েছে। তারুণ্য আর প্রগতিশীলতার এক যুগলবন্দী দেখা গেল এই নির্বাচনে, যেখানে সাশ্রয়ী আবাসন আর ধনীদের ওপর বাড়তি করের মতো বৈপ্লবিক প্রতিশ্রুতিই তাকে নিয়ে গেছে বিজয়ের মঞ্চে।

আপস...

পরাজিত শিবিরে হতাশা আর সম্মানের সুর পাশাপাশি। সাবেক গভর্নর অ্যান্ড্রু কুওমো একে সঠিক লড়াই বললেও, তার সদর দপ্তরের নীরবতা বলছিল ভিন্ন কথা। অন্যদিকে, রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিওয়া এই লড়াইয়ে কার্যত অপ্রাসঙ্গিকই থেকে গেছেন।

আপস...

অবশ্য শহরের পথে পথে প্রতিক্রিয়ার দুই ভিন্ন চিত্র দেখা গেছে। একদিকে ব্রুকলিনে জোহরানের সমর্থকদের বিজয়ের বাঁধভাঙা উল্লাস, অন্যদিকে তার র‍্যাডিকাল পরিবর্তনের আশঙ্কায় বহু নিউইয়র্কবাসীর কপালে চিন্তার ভাঁজ।

আপস...

তবে সবচেয়ে জোরালো আক্রমণ এসেছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছ থেকে। নির্বাচনের শুরু থেকেই মামদানিকে কমিউনিস্ট আখ্যা দিয়ে আসা ট্রাম্পের সাফ কথা— জোহরানের নেতৃত্বে নিউইয়র্কের টিকে থাকার সম্ভাবনা শূন্য।

আপস...

জাতীয় রাজনীতিতেও এখন আছড়ে পড়ছে স্থানীয় এই নির্বাচনের ঢেউ । বিশ্লেষকরা বলছেন, এই জয় ডেমোক্রেটিক পার্টির প্রগতিশীল শাখার এক বিশাল মাইলফলক, যা আরও গভীর বিভাজনের ইঙ্গিত দিচ্ছে আগামী দিনের মার্কিন রাজনীতিতে।

পে অফ।

Final and Edited copy

OC:

নিউ ইয়র্কের ইতিহাসে লেখা হলো এক নতুন অধ্যায়। শহরের ১১১তম মেয়র হিসেবে এক ঐতিহাসিক জয় পেলেন ডেমোক্রেটিক সোশ্যালিস্ট জোহরান মামদানি। শুধু প্রথম মুসলিম বা দক্ষিণ এশীয় নয়, এক শতাব্দীরও বেশি সময়ের মধ্যে সর্বকনিষ্ঠ মেয়র তিনি। তার এই বিজয় শহরজুড়ে একদিকে যেমন উৎসবের ঢেউ তুলেছে, তেমনি উস্কে দিয়েছে তীব্র রাজনৈতিক মেরুকরণ আর বিতর্ক।

PKG:

আপস...

নিউ ইয়র্ক সিটি তার রাজনৈতিক ইতিহাসে বাঁক নিয়েছে জোহরান মামদানির হাত ধরে। তারুণ্য আর প্রগতিশীলতার এক যুগলবন্দী দেখা গেল এই নির্বাচনে, যেখানে সাশ্রয়ী আবাসন আর ধনীদের ওপর বাড়তি করের মতো বৈপ্লবিক প্রতিশ্রুতিই তাকে নিয়ে গেছে বিজয়ের মঞ্চে।

আপস...

পরাজিত শিবিরে হতাশা আর সম্মানের সুর পাশাপাশি। সাবেক গভর্নর অ্যান্ড্রু কুওমো একে সঠিক লড়াই বললেও, তার সদর দপ্তরের নীরবতা বলছিল ভিন্ন কথা। অন্যদিকে রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিওয়া এই লড়াইয়ে কার্যত অপ্রাসঙ্গিকই থেকে গেছেন।

আপস...

শহরের রাজপথেও প্রতিক্রিয়ার দুই ভিন্ন চিত্র। একদিকে ব্রুকলিনে জোহরানের সমর্থকদের বিজয়ের বাঁধভাঙা উল্লাস, অন্যদিকে তার র্যাডিকাল পরিবর্তনের আশঙ্কায় বহু নিউ ইয়র্কবাসীর কপালে চিন্তার ভাঁজ।

আপস...

তবে সবচেয়ে জোরালো আক্রমণ এসেছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছ থেকে। নির্বাচনের শুরু থেকেই মামদানিকে কমিউনিস্ট আখ্যা দিয়ে আসা ট্রাম্পের সাফ কথা— জোহরানের নেতৃত্বে নিউইয়র্কের টিকে থাকার সম্ভাবনা শূন্য।

আপস...

স্থানীয় এই নির্বাচনের ঢেউ এখন আছড়ে পড়ছে জাতীয় রাজনীতিতেও। বিশ্লেষকরা বলছেন, এই জয় ডেমোক্রেটিক পার্টির প্রগতিশীল শাখার এক বিশাল মাইলফলক, যা আরও গভীর বিভাজনের ইঙ্গিত দিচ্ছে আগামী দিনের মার্কিন রাজনীতিতে।

পে অফ

Before Editing	After Editing
নিউ ইয়র্কের ইতিহাসে তৈরি হলো এক নতুন অধ্যায়।	নিউ ইয়র্কের ইতিহাসে লেখা হলো এক নতুন অধ্যায়।
জোহরান মামদানির হাত ধরে নিউ ইয়র্ক সিটি তার রাজনৈতিক ইতিহাসে বাঁক নিয়েছে।	নিউ ইয়র্ক সিটি তার রাজনৈতিক ইতিহাসে বাঁক নিয়েছে জোহরান মামদানির হাত ধরে।
অবশ্য শহরের পথে পথে প্রতিক্রিয়ার দুই ভিন্ন চিত্র দেখা গেছে। জাতীয় রাজনীতিতেও এখন আছড়ে পড়ছে স্থানীয় এই নির্বাচনের ঢেউ ।	শহরের রাজপথেও প্রতিক্রিয়ার দুই ভিন্ন চিত্র। স্থানীয় এই নির্বাচনের ঢেউ এখন আছড়ে পড়ছে জাতীয় রাজনীতিতেও।

Published Copy:

https://www.facebook.com/share/v/1C42PRmKxo/

Mistakes:

- Used some words opinion based instead of neutral news language.
- I made a few sentence structure and punctuation mistakes in the OC and PKG.
- Did not clearly connect the local election impact with the national political context in the initial version.

Learning Outcomes:

- Maintain a neutral tone while covering sensitive political issues.
- Deliver the main point of news in the first phase.
- Edit a news story with strong political context.

Project 3:

Project Title: তুঙ্গে নির্বাচনী বিভেদ

Type of Work: Talk show Script

Project Date: 11 November, 2025

Project Details:

This project was a talk show script editing assignment and doing the show. The episode focused on the rising political tensions ahead of the national election in Bangladesh. The script contained questions for three political guests representing BNP, Jamaat linked political party and NCP. My task was to write the script, improve the structure of the questions, maintain neutrality and ensure a smooth logical flow suitable for a live political talk show. I had to write the questions to make them more direct, balanced and clear for broadcast.

My Roles and responsibility:

- Write the script more professionally.
- Remove unnecessary lines but keep the original meaning intact.
- Improve tone neutrality to avoid bias.
- Fix sentence structure and transitions.
- Ensure all political references and statements remain accurate.

Challenges:

This project was especially challenging because it dealt with highly sensitive political issues and strong ideological conflicts among different parties. The panel included representatives linked to major political and religious groups, which made it difficult to frame the questions in a neutral and professional way. Another challenge was organizing a very large number of arguments, counter arguments, allegations and quotes into a structured and understandable talk show format. Maintaining journalistic balance while including statements from BNP, Jamaat linked party, NCP and Awami League or other political actors required careful wording and background knowledge. Additionally, translating emotional and politically charged statements into a formal appropriate script while keeping their original meaning was also difficult.

My Edited copy

মধুমতি ব্যাংক পিএলসি লি.

নতুন বাংলাদেশ

এপিসোড- ৫১

১১ নভেম্বর ২০২৫

উপস্থাপক: জান্নাতুল সাদিয়া

অতিথি:

১.মাহমুদা হাবিবা (সদস্য, বিএনপি মিডিয়া সেল)

২.ইয়াসিন আরাফাত (সাবেক সভাপতি, ইসলামি ছাত্র শিবির ও প্রার্থী, কুমিল্লা-১০)

৩.আব্দুল হান্নান মাসউদ (যেষ্ঠ্য যুগ্ম মুখ্য সমন্বয়ক ও প্রার্থী, নোয়াখালী-৬ এনসিপি

বিষয় : তুঙ্গে নির্বাচনী বিভেদ।

প্রশ্নসমূহ: ইয়াসিন আরাফাতকে দিয়ে শুরু। জামায়াতের সমালোচনা করে ঠাকুরগাঁও সদরে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল বলেন, 'তারা কিন্তু ইসলামের অপব্যাখ্যা দিচ্ছে। আমরা মনে করি, আমার কর্মেই হবে আমার বেহেশত। আমার কর্মের মধ্য দিয়ে আমি বেহেশতে যাব। আমি যদি মানুষকে ভালোবাসি, পাঁচ ওয়াক্ত নামাজ পড়ি, রোজা রাখি, মিথ্যা কথা না বলি, সুদ না খাই, তাহলে বেহেশতে যাওয়ার একটি পথ তৈরি হবে। জামায়াতের টিকিট কাটলেই কি কেউ বেহেশতে যেতে পারবে? যারা এসব মুনাফেকি করে, তাদের কাছ থেকে আমাদের সাবধান থাকতে হবে।' তিনি আরো বলেছেন, সুষ্ঠু ও নিরপেক্ষ ভোট হলে জামায়াতের কোনো অস্তিত্ব থাকবে না।

ইয়াসিন আরাফাত মির্জা ফখরুলের এই বক্তব্যকে আপনি কীভাবে দেখেন? নির্বাচনে কিংবা ভোটে জামায়াতের অনীহা আছে কিনা? বিএনপিকে প্রতিদ্বন্দ্বী করে জামায়াত কতটা সফল হতে পারবে?

একদিন আগেই মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, মুক্তিযুদ্ধটাকে ভুলিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। ১৯৭১ হয়নি, আমরা কিছুই করি নাই। দেশটার জন্য কোনো অবদানই রাখি নাই। চব্বিশ যারা করেছে, তারাই সব করেছে, এমন ধারণা এখন মিলছে।

কোনো দলের নাম উল্লেখ না করে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, 'আজকে সুপরিকল্পিতভাবে একটি চক্র, একটি মহল, যারা ওই একাত্তর সালে পাকিস্তানি হানাদার বাহিনীর সঙ্গে যোগসাজশ করে এ দেশে মুক্তিযোদ্ধাকে হত্যা করেছিল, তাদের পরিবারকে হত্যা

করেছিল, তাদের মেয়েদের তুলে দিয়েছিল খান বাহিনীর হাতে, তাদের সঙ্গে দেশের মানুষ কি আপস করতে পারে? এই অভিযোগ নিয়ে আপনাদের কিছু বলার আছে?

আব্দুল হান্নান মাসউদ: এনসিপির প্রসঙ্গে মির্জা ফখরুল বলেছেন, 'ওরা তো ভোটেই পাবে না। এই কারণে ওরাও জামায়াতের সঙ্গে সুর মিলিয়ে বলছে পিআর দিতে হবে, সনদ বাস্তবায়ন করতে হবে।'

এদিকে, আপনাদের একবারে শীর্ষ নেতৃত্বের জায়গা থেকে এনসিপির জেষ্ঠ্য যুগ্ম সদস্য সচিব তাসনিম জারা ঢাকা-৯ এর মনোনয়ন কিনেছেন। এই আসনটিতে বিএনপি এখনো কোনো প্রার্থী দেয়নি। ফাঁকা আসনে জারার মনোনয়ন নেয়ার পেছনে কোনো কারণ আছে কিনা হান্নান মাসউদ? অনেকে বলছেন বিএনপির সঙ্গে আপনারা আসন সমঝোতা করেছেন। আপনারা কখনো জামায়াতের সুরে কথা বলছেন, আবার কখনো কথা উঠছে, বিএনপির সঙ্গে সমঝোতার একটা চেষ্টা করছেন। একটু বাস্তবতাটা জানতে চাই?

মাহমুদা হাবিবা : বিএনপি বলেছে, জুলাই জাতীয় সনদের বাইরে গিয়ে সরকার কোনো সিদ্ধান্ত ঘোষণা করলে তার সব দায়দায়িত্ব সরকারের ওপরই বর্তাবে। সনদে স্বাক্ষরকারী কোনো রাজনৈতিক দলের পক্ষে তখন সেই সিদ্ধান্ত মান্য করার বাধ্যবাধকতা থাকবে না। যে পরিস্থিতি জুলাই সনদ ইস্যুতে, আপনার কি মনে হচ্ছে, রাজনৈতিক দলগুলীকে মুখোমুখি করার দায় সরকারের?

পল্টনে এক সমাবেশে, "যারা জুলাই বিপ্লবের স্বীকৃতি দিতে নারাজ তাদের জন্য ২৬ এ কোনো নির্বাচন নাই। জুলাই সনদের আইনি ভিত্তির পাটাতন তৈরি হবে জাতীয় নির্বাচনের আগে গণভোটের মাধ্যমে। আর জুলাই সনদের আইনি ভিত্তি ছাড়া কোনো নির্বাচন হবে না। যারা জুলাইয়ের চেতনার প্রতি সম্মান রাখতে পারছে না, তারা জাতীয় নির্বাচনে মানুষের মতকে সম্মান জানাবে কীভাবে?" আজকে পল্টনে জামায়াত আমির ডা. শফিকুর রহমানের বক্তব্য।

জামায়াতসহ ইসলামীসহ আট দল নির্বাচনের আগে গণভোট চায়। এছাড়া, জুলাই সনদ ইস্যুতে বিএনপির ভূমিকার সমালোচনা করে এনসিপির যুগ্ম আহবায়ক সারোয়ার তুষার বলেন, বিএনপি কমিশনে একমত হয়ে, জুলাই সনদ আদেশ ও গণভোটে একমত হয়ে এখন অস্বীকার করছে। বিএনপি দাবি করছে গণভোট বোঝে না জনগণ। কিন্তু বিএনপির ডিমেনশিয়া হয়েছে, তাদের জন্মই গণভোটে।

মাহমুদা হাবিবা: বিএনপি মনে করছে, গণভোট হলে নির্বাচনের দিনই হতে হবে। নির্বাচনের আগে গণভোট নিয়ে বিএনপির আপত্তি কোথায়?

যদি ইসলামী দলগুলো তাদের দাবি থেকে সরে না আসে তখন বিএনপির অবস্থান কী হবে? বিএনপি কী নমনীয় হবে? নাকি জামায়াতসহ ইসলামী দলগুলোর সঙ্গে পাল্টাপাল্টি কর্মসূচী দেবে?

ইয়াসিন আরাফাত: বিএনপি ও জামায়াত নৌকার ভোট পাওয়ার জন্য চেষ্টা করছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার। সোমবার বাংলামোটরে 'জুলাই সনদে শ্রমিক শ্রেণির রাজনৈতিক অবমূল্যায়ন' শীর্ষক আলোচনা সভায় সারোয়ার তুষার এ অভিযোগ করেন। কি উত্তর জামায়াতের? একই প্রশ্ন হাবিবাকে, কি উত্তর দেবেন?

আব্দুল হান্নান মাসউদ, ১৩ তারিখ দেশে লকডাউন ডেকেছে আওয়ামী লীগের বেশকিছু শীর্ষস্থানীয় নেতারা। ইতোমধ্যে লকডাইন ঘিরে রাজধানী ও আশপাশের পরিস্থিতি স্বাভাবিকের চেয়ে কিছুটা উত্তপ্ত। এমন এক সময়ে আওয়ামী লীগ লকডাউন ডেকেছে, যখন তিন দলের মধ্যে জুলাই সনদ নিয়ে মতবিরোধ উচ্চে।

এমন অবস্থায় এই ইস্যুতে, তিন জনের কাছেই প্রশ্ন আপনাদের ঐকমত্যে ফাঁটল ধরেছে কিনা? আওয়ামী লীগ প্রশ্নে আপনাদের অবস্থান কী এখন? ঐকবদ্ধভাবে ফ্যাসিবাদ প্রতিরোধ , নাকি যার যার জায়গা থেকে নিজেদের আদর্শ অনুযায়ী অবস্থান? আগামীকাল ট্রাইব্যুনালে শেখ হাসিনার মামলার রায়ের তারিখ। তার আগে যে সহিংসতা, আগুন সন্ত্রাস, হত্যা, নিরাপত্তাহীনতা চলছে, তাতে সরকার কি একটু ব্যাকফুটে??

মাহমুদা হাবিবা, গতকাল সন্ধ্যায় নাসীরুদ্দীন পাটওয়ারী তার বক্তব্যে বলেছেন, লাল পতাকার ভণ্ডামী বন্ধ করতে হবে। দুই একটা সিটের বিনিময়ে বিএনপির ভোটব্যাংক ভারি করা হচ্ছে। যেসব শহীদ পরিবারের সদস্যরা বিএনপিতে যোগ দিচ্ছেন তাদেরকে আওয়ামী লীগের সময়ের মনোনয়ন পাওয়া খেলোয়াড় কিংবা নায়কদের সঙ্গে তুলনা করে বলেছেন, "আওয়ামী লীগ সাকিবের মতো খেলোয়ারকে যেভাবে দলের ব্র্যান্ড অ্যাম্বাসেডর বানিয়েছেন, একইভাবে কয়েকটি শহীদ পরিবারের সদস্যদের ব্র্যান্ড অ্যাম্বাসেডর বানাচ্ছে বিএনপি।" সত্যিই কি আপনারা তাই, হাবিবা?

আব্দুল হান্নান মাসউদ : এতদিন জামায়াত-বিএনপির বিপক্ষে এনসিপি সরব ছিল। এবার বাম সংগঠনগুলোর বিপক্ষে। শহীদ পরিবারকে ইঙ্গিত করেও কথা হচ্ছে। আবার নাসিরুদ্দিন পাটওয়ারী বলেছেন, এনসিপি ব্যালট বিপ্লবের পাশাপাশি বুলেট বিপ্লবের জন্যও প্রস্তুত। পলিটিক্যাল মুভগুলা একটু বেশি এগ্রেসিভ হয়ে যাচ্ছে না হান্নান নির্বাচন ঘিরে এই কথাবার্তা আসছে, এম্নিতে সব ঠিকঠাক।?

ইয়াসিন আরাফাত: আজকে বিবিসির এক প্রতিবেদনের শিরোনাম ছিল "'সুযোগ' পেলে বিএনপি বা জামায়াতের সাথে জোটবদ্ধ নির্বাচন করতে আগ্রহী জাতীয় পার্টি"। এ ব্যাপারে জাতীয় পার্টির মহাসচিব শামীম হায়দার পাটোয়ারী বলেন, "জোটবদ্ধভাবে নির্বাচনে অংশ নিলে সেক্ষেত্রে জাতীয় পার্টিরও যেমন আসন সংখ্যা বাড়বে, তেমনি যে দলের সাথে জোট হবে তাদেরও আসন ও ভোট বাড়বে"।

নির্বাচন কমিশনার আনোয়ারুল ইসলাম সরকার বলেন, "তাদের মধ্যে অভ্যন্তরীণ কিছু সমস্যা আছে। এটা তারা ফয়সালা করলে কমিশন সিদ্ধান্ত নেবে"। অর্থাৎ নির্বাচনে আসার একটি সুযোগ জাতীয় পার্টির আছে। এ অবস্থায় জামায়াত বিএনপি আপনারা কী জাতীয় পার্টিকে জোটের নেয়ার কথা ভাবছেন?

Final and Edited copy

মধুমতি ব্যাংক পিএলসি লি.

নতুন বাংলাদেশ

এপিসোড- ৫১

১১ নভেম্বর ২০২৫

উপস্থাপক: জান্নাতুল সাদিয়া

অতিথি:

১.মাহমুদা হাবিবা (সদস্য, বিএনপি মিডিয়া সেল)

২.ইয়াসিন আরাফাত (সাবেক সভাপতি, ইসলামি ছাত্র শিবির ও প্রার্থী, কুমিল্লা-১০)

৩.আব্দুল হান্নান মাসউদ (যেষ্ঠ্য যুগ্ম মুখ্য সমন্বয়ক ও প্রার্থী, নোয়াখালী-৬ এনসিপি

বিষয় : তুঙ্গে নির্বাচনী বিভেদ।

প্রশ্নসমূহ: ইয়াসিন আরাফাতকে দিয়ে শুরু। জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান বলেছেন, ২০২৬ সালে নির্বাচন দেখতে হলে আগে জুলাই বিপ্লবের স্বীকৃতি লাগবে। যদি এই সরকারকে বৈধতা দিতে চান, তাহলে সংবিধানের উপর দাঁড়ানো। সাংবিধানিক ভিত্তি কে দেবে? জুলাই বিপ্লবের স্বীকৃতির জন্য নির্বাচন কেন পেছাতে হবে?

জামায়াতের সমালোচনা করে ঠাকুরগাঁও সদরে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল বলেন, ‘তারা কিন্তু ইসলামের অপব্যাখ্যা দিচ্ছে। আমরা মনে করি, আমার কর্মেই হবে আমার বেহেশত। আমার কর্মের মধ্য দিয়ে আমি বেহেশতে যাব। আমি যদি মানুষকে ভালোবাসি, পাঁচ ওয়াক্ত নামাজ পড়ি, রোজা রাখি, মিথ্যা কথা না বলি, সুদ না খাই, তাহলে বেহেশতে যাওয়ার একটি পথ তৈরি হবে। জামায়াতের টিকিট কাটলেই কি কেউ বেহেশতে যেতে পারবে? যারা এসব মুনাফেকি করে, তাদের

কাছ থেকে আমাদের সাবধান থাকতে হবে।' তিনি আরো বলেছেন, সুষ্ঠু ও নিরপেক্ষ ভোট হলে জামায়াতের কোনো অস্তিত্ব থাকবে না।

ইয়াসিন আরাফাত মির্জা ফখরুলের এই বক্তব্যকে আপনি কীভাবে দেখেন? নির্বাচনে কিংবা ভোটে জামায়াতের অনীহা আছে কিনা? বিএনপিকে প্রতিদ্বন্দ্বী করে জামায়াত কতটা সফল হতে পারবে?

একদিন আগেই মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, মুক্তিযুদ্ধটাকে ভুলিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। ১৯৭১ হয়নি, আমরা কিছুই করি নাই। দেশটার জন্য কোনো অবদানই রাখি নাই। চব্বিশ যারা করেছে, তারাই সব করেছে, এমন ধারণা এখন মিলছে।

কোনো দলের নাম উল্লেখ না করে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, 'আজকে সুপরিকল্পিতভাবে একটি চক্র, একটি মহল, যারা ওই একাত্তর সালে পাকিস্তানি হানাদার বাহিনীর সঙ্গে যোগসাজশ করে এ দেশে মুক্তিযোদ্ধাকে হত্যা করেছিল, তাদের পরিবারকে হত্যা করেছিল, তাদের মেয়েদের তুলে দিয়েছিল খান বাহিনীর হাতে, তাদের সঙ্গে দেশের মানুষ কি আপস করতে পারে? এই অভিযোগ নিয়ে আপনাদের কিছু বলার আছে?

আব্দুল হান্নান মাসউদ: এনসিপির প্রসঙ্গে মির্জা ফখরুল বলেছেন, 'ওরা তো ভোটেই পাবে না। এই কারণে ওরাও জামায়াতের সঙ্গে সুর মিলিয়ে বলছে পিআর দিতে হবে, সনদ বাস্তবায়ন করতে হবে।'

এদিকে, আপনাদের একবারে শীর্ষ নেতৃত্বের জায়গা থেকে এনসিপির জেষ্ঠ্য যুগ্ম সদস্য সচিব তাসনিম জারা ঢাকা-৯ এর মনোনয়ন কিনেছেন। এই আসনটিতে বিএনপি এখনো কোনো প্রার্থী দেয়নি। ফাঁকা আসনে জারার মনোনয়ন নেয়ার পেছনে কোনো কারণ আছে কিনা হান্নান মাসউদ? অনেকে বলছেন বিএনপির সঙ্গে আপনারা আসন সমঝোতা করেছেন? আপনারা কখনো জামায়াতের সুরে কথা বলছেন, আবার কখনো কথা উঠছে, বিএনপির সঙ্গে সমঝোতার একটা চেষ্টা করছেন। একটু বাস্তবতাটা জানতে চাই?

মাহমুদা হাবিবা : বিএনপি বলেছে, জুলাই জাতীয় সনদের বাইরে গিয়ে সরকার কোনো সিদ্ধান্ত ঘোষণা করলে তার সব দায়দায়িত্ব সরকারের ওপরই বর্তাবে। সনদে স্বাক্ষরকারী কোনো রাজনৈতিক দলের পক্ষে তখন সেই সিদ্ধান্ত মান্য করার বাধ্যবাধকতা থাকবে না। যে পরিস্থিতি জুলাই সনদ ইস্যুতে, আপনার কি মনে হচ্ছে, রাজনৈতিক দলগুলীকে মুখোমুখি করার দায় সরকারের?

পল্টনে এক সমাবেশে, "যারা জুলাই বিপ্লবের স্বীকৃতি দিতে নারাজ তাদের জন্য ২৬ এ কোনো নির্বাচন নাই। জুলাই সনদের আইনি ভিত্তির পাটাতন তৈরি হবে জাতীয় নির্বাচনের আগে গণভোটের মাধ্যমে। আর জুলাই সনদের আইনি ভিত্তি ছাড়া কোনো নির্বাচন হবে না। যারা জুলাইয়ের চেতনার প্রতি সম্মান রাখতে পারছে না, তারা জাতীয় নির্বাচনে মানুষের মতকে সম্মান জানাবে কীভাবে?" আজকে পল্টনে জামায়াত আমির ডা. শফিকুর রহমানের বক্তব্য।

জামায়াতসহ ইসলামীসহ আট দল নির্বাচনের আগে গণভোট চায়। এছাড়া, জুলাই সনদ ইস্যুতে বিএনপির ভূমিকার সমালোচনা করে এনসিপির যুগ্ম আহবায়ক সারোয়ার তুষার বলেন, বিএনপি কমিশনে একমত হয়ে, জুলাই সনদ আদেশ ও গণভোটে একমত হয়ে এখন অস্বীকার করছে। বিএনপি দাবি করছে গণভোট বোঝে না জনগণ। কিন্তু বিএনপির ডিমেনশিয়া হয়েছে, তাদের জন্মই গণভোটে।

মাহমুদা হাবিবা: বিএনপি মনে করছে, গণভোট হলে নির্বাচনের দিনই হতে হবে। নির্বাচনের আগে গণভোট নিয়ে বিএনপির আপত্তি কোথায়? যদি ইসলামী দলগুলো তাদের দাবি থেকে সরে না আসে তখন বিএনপির অবস্থান কী হবে? বিএনপি কী নমনীয় হবে? নাকি জামায়াতসহ ইসলামী দলগুলোর সঙ্গে পাল্টাপাল্টি কর্মসূচী দেবে?

ইয়াসিন আরাফাত: বিএনপি ও জামায়াত নৌকার ভোট পাওয়ার জন্য চেষ্টা করছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার। সোমবার বাংলামোটরে ‘জুলাই সনদে শ্রমিক শ্রেণির রাজনৈতিক অবমূল্যায়ন’ শীর্ষক আলোচনা সভায় সারোয়ার তুষার এ অভিযোগ করেন। কি উত্তর জামায়াতের? একই প্রশ্ন হাবিবাকে, কি উত্তর দেবেন?

আব্দুল হান্নান মাসউদ, ১৩ তারিখ দেশে লকডাউন ডেকেছে আওয়ামী লীগের বেশকিছু শীর্ষস্থানীয় নেতারা। ইতোমধ্যে লকডাইন ঘিরে রাজধানী ও আশপাশের পরিস্থিতি স্বাভাবিকের চেয়ে কিছুটা উত্তপ্ত। এমন এক সময়ে আওয়ামী লীগ লকডাউন ডেকেছে, যখন তিন দলের মধ্যে জুলাই সনদ নিয়ে মতবিরোধ উচ্চে। এমন অবস্থায় এই ইস্যুতে, তিন জনের কাছেই প্রশ্ন আপনাদের ঐকমত্যে ফাঁটল ধরেছে কিনা? আওয়ামী লীগ প্রশ্নে আপনাদের অবস্থান কী এখন? ঐকবদ্ধভাবে ফ্যাসিবাদ প্রতিরোধ , নাকি যার যার জায়গা থেকে নিজেদের আদর্শ অনুযায়ী অবস্থান

আগামীকাল ট্রাইব্যুনালে শেখ হাসিনার মামলার রায়ের তারিখ। তার আগে যে সহিংসতা, আগুন সন্ত্রাস, হত্যা, নিরাপত্তাহীনতা চলছে, তাতে সরকার কি একটু ব্যাকফুটে??

মাহমুদা হাবিবা, গতকাল সন্ধ্যায় নাসীরুদ্দীন পাটওয়ারী তার বক্তব্যে বলেছেন, লাল পতাকার ভণ্ডামী বন্ধ করতে হবে। দুই একটা সিটের বিনিময়ে বিএনপির ভোটব্যাংক ভারি করা হচ্ছে। যেসব শহীদ পরিবারের সদস্যরা বিএনপিতে যোগ দিচ্ছেন তাদেরকে আওয়ামী লীগের সময়ের মনোনয়ন পাওয়া খেলোয়াড় কিংবা নায়কদের সঙ্গে তুলনা করে বলেছেন, "আওয়ামী লীগ সাকিবের মতো খেলোয়ারকে যেভাবে দলের ব্র্যান্ড অ্যাম্বাসেডর বানিয়েছেন, একইভাবে কয়েকটি শহীদ পরিবারের সদস্যদের ব্র্যান্ড অ্যাম্বাসেডর বানাচ্ছে বিএনপি।" সত্যিই কি আপনারা তাই, হাবিবা?

আব্দুল হান্নান মাসউদ : এতদিন জামায়াত-বিএনপির বিপক্ষে এনসিপি সরব ছিল। এবার বাম সংগঠনগুলোর বিপক্ষে। শহীদ পরিবারকে ইঙ্গিত করেও কথা হচ্ছে। আবার নাসিরুদ্দিন পাটওয়ারী বলেছেন, এনসিপি ব্যালট বিপ্লবের পাশাপাশি বুলেট বিপ্লবের জন্যও প্রস্তুত।

পলিটিক্যাল মুভগুলা একটু বেশি এগ্রেসিভ হয়ে যাচ্ছে না হান্নান নির্বাচন ঘিরে এই কথাবার্তা আসছে, এম্নিতে সব ঠিকঠাক।?

ইয়াসিন আরাফাত: আজকে বিবিসির এক প্রতিবেদনের শিরোনাম ছিল "'সুযোগ' পেলে বিএনপি বা জামায়াতের সাথে জোটবদ্ধ নির্বাচন করতে আগ্রহী জাতীয় পার্টি"। এ ব্যাপারে জাতীয় পার্টির মহাসচিব শামীম হায়দার পাটোয়ারী বলেন, "জোটবদ্ধভাবে নির্বাচনে অংশ নিলে সেক্ষেত্রে জাতীয় পার্টিরও যেমন আসন সংখ্যা বাড়বে, তেমনি যে দলের সাথে জোট হবে তাদেরও আসন ও ভোট বাড়বে"।

নির্বাচন কমিশনার আনোয়ারুল ইসলাম সরকার বলেন, "তাদের মধ্যে অভ্যন্তরীণ কিছু সমস্যা আছে। এটা তারা ফয়সালা করলে কমিশন সিদ্ধান্ত নেবে"। অর্থাৎ নির্বাচনে আসার একটি সুযোগ জাতীয় পার্টির আছে। এ অবস্থায় জামায়াত বিএনপি আপনারা কী জাতীয় পার্টিকে জোটের নেয়ার কথা ভাবছেন?

আব্দুল হান্নান মাসউদ: জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক আবদুল কাদের নিজেদের ফেসবুক অ্যাকাউন্টে পোস্ট চোখে পড়েছে নিশ্চয়ই। এক দিনের ব্যবধানে দুজনের দেওয়া পোস্ট রহস্যের জন্ম দিয়েছে। নাসীরুদ্দীন পাটওয়ারী স্ট্যাটাসে লিখেছেন, ‘বন্ধু, তোমার লাল টুকটুকে স্বপ্ন আর পতাকা একটা সিটের বিনিময়ে বিক্রি করে দিও না।’

ফেসবুক পোস্টে কাদের লেখেন, ‘একটা দলের নেতারা দিনের বেলায় হাঁকডাক ছাড়ে, দিনভর বিএনপিরে নিয়ে বেফাঁস মন্তব্য করে; আর রাতের বেলায় বিএনপির নেতাদের বাসায় গিয়ে ধরনা দেয়! আসন সমঝোতায় বেটার নেগোসিয়েশনের কৌশলসহ লেখায় অনেক কিছুই তুলে ধরার চেষ্টা করেছেন। কিছু বলার আছে কিনা?

Published Copy:

https://youtu.be/b7-0FfjDw7E?si=2qSvmx65qlbIjU7w

Image "1.1": Poster of the Talk show

Mistakes:

- I initially included some statements that sounded too strong and emotionally charged for a neutral discussion format.
- In the first draft, a few questions were too long and complex, which reduced clarity.
- Some political positions and responses overlapped, creating slight repetition in the middle portion of the script.

Learning Outcomes:

- How to structure a political talk-show script with proper transitions.
- Place contextual statements before each question.
- Ask clear, neutral and sharp political questions.
- Maintain balance among multiple political parties in a live script.
- Refine extremely long lines into TV-friendly readable questions.
- Present controversial quotes without adding bias.

Project 4:

Project Title: কি হচ্ছে রাজনীতিতে ?

Type of Work: Talk Show script

Project Date: 12 November, 2025

Project Details: This project is about writing, editing and restructuring a political talk show rundown for the program "Notun Bangladesh" program Episode 52. The original rundown contained a list of discussion points regarding Bangladesh's ongoing political tensions, party activities, election preparation and alliance strategies. My task was to reorganize the questions, improve clarity, create smoother transitions, and make the script more professional, logical and suitable for a live political talk show.

My Roles and responsibility:

- Improve the flow and clarity of each discussion point.
- Rewrite vague questions into sharper .
- Strengthen political context without changing factual meaning.
- Ensure questions match each guest's political background.

Challenges:

This project was challenging for me because it focused on a highly sensitive and unstable political situation involving multiple parties and alliances. Framing questions that addressed protests, election timing, violence and political accusations without sounding biased was very difficult. Another challenge was ensuring that every political group BNP, NCP, JAGPA and others were questioned fairly and given equal importance in the discussion. I also found it challenging to keep the tone professional while dealing with emotionally charged events such as agitations, internal conflicts and threats of street movement.

My edited copy

মধুমতি ব্যাংক পিএলসি লি.

নতুন বাংলাদেশ

এপিসোড- ৫২

১২ নভেম্বর ২০২৫

উপস্থাপক: জান্নাতুল সাদিয়া

অতিথি:

- **অধ্যাপক ড. নাহরিন ইসলাম খান**

শিক্ষক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

- **আলাউদ্দীন মোহাম্মদ**

যুগ্ম সদস্য সচিব ও সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক, এনসিপি

- **রাশেদ প্রধান**

সহ সভাপতি ও মুখপাত্র, জাগপা

বিষয়: কি হচ্ছে রাজনীতিতে ?

জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন, নভেম্বর মাসে গণভোট আয়োজনসহ পাঁচ দফা দাবি বাস্তবায়িত না হলে জামায়াতে ইসলামী, ইসলামী আন্দোলনসহ আট দল প্রধান উপদেষ্টার বাসভবনের সামনে অনির্দিষ্টকালের জন্য অবস্থান করবে।

৮ দলীয় জোটের এই কর্মসূচি দেশের রাজনৈতিক পরিস্থিতিকে কোথায় নিয়ে যাচ্ছে ?(জাগপা)

এ্ই ধরনের কর্মসূচি কি পতিত ফ্যাসিবাদকে আবার সুযোগ করে দিচ্ছে কিনা? (বিএনপি)

জামায়াতে ইসলামীসহ আট দল নানা কর্মসূচি দিয়ে কি নির্বাচন পেছাতে চাইছে? (এনসিপি)

প্রধান উপদেষ্টা ড. ইউনুস আজ কানাডার সংসদীয় প্রতিনিধি দলকে বলেছেন যে নির্বাচনের প্রস্তুতি নিচ্ছেন।

কিন্তু যদি ফেব্রুয়ারিতে নির্বাচন হয় তার প্রস্তুতির প্রথম ধাপ ৩ মাস আগে তফশিল ঘোষণা করতে হয়। আসলে তিনি কি ধরনের দৃশ্যমান প্রস্তুতি দেখাচ্ছেন ?(সকলকে)

দুইশ আটত্রিশ আসনে একক প্রার্থী ঘোষণা করেছে বিএনপি। ধানের শীষ পাওয়ার পর প্রার্থীরা মাঠ ঘাট চষে বেড়াচ্ছেন। কোনো কোনো আসনে কোন্দলও দেখা দিয়েছে। বিদ্রোহী প্রার্থীরা মাঠ

ছাড়েননি। এ নিয়ে বেশ কিছু আসনে টানাপোড়েন চলছে। মিত্রদের মধ্যেও একধরণের অসন্তষ চলছে।

এখন কেন তাহলে প্রার্থী পরিবর্তেনের কথা আসছে ? বিএনপি কি দল ও জোট সামাল দিতে পারছেনা (বিএনপি)?

বিবিসি বাংলায় একটি প্রতিবেদন প্রকাশ হয়েছে, সেখানে জাতীয় পার্টি 'সুযোগ' পেলে বিএনপি বা জামায়াতের সাথে জোটবদ্ধ নির্বাচন করতে আগ্রহী জাতীয় পার্টি। কিন্তু গণঅধিকার পরিষদ আওয়ামী লীগ, সতন্ত্র, এবং জাতীয় পার্টি আগামী নির্বাচনে যাতে অংশ নিতে না পারে, সেজন্য ইসিকে সারকলিপি দিয়েছে।

তাহলে আগামীতে যে আমরা অংশগ্রহণমূলক কোন নির্বাচন চাচ্ছি সেটা প্রশ্ন বিদ্ধ হবে কিনা ?

Final and Edited copy

মধুমতি ব্যাংক পিএলসি লি.

নতুন বাংলাদেশ

এপিসোড- ৫২

১২ নভেম্বর ২০২৫

উপস্থাপক: জান্নাতুল সাদিয়া

অতিথি:

- **অধ্যাপক ড. নাহরিন ইসলাম খান**

শিক্ষক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

- **আলাউদ্দীন মোহাম্মদ**

যুগ্ম সদস্য সচিব ও সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক, এনসিপি

- **রাশেদ প্রধান**

সহ সভাপতি ও মুখপাত্র, জাগপা

বিষয়: কি হচ্ছে রাজনীতিতে ?

জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন, নভেম্বর মাসে গণভোট আয়োজনসহ পাঁচ দফা দাবি বাস্তবায়িত না হলে জামায়াতে ইসলামী, ইসলামী আন্দোলনসহ আট দল প্রধান উপদেষ্টার বাসভবনের সামনে অনির্দিষ্টকালের জন্য অবস্থান করবে। আলোচনার টেবিল ছেড়ে হঠাৎ রাজপথে নামার কেন প্রয়োজন পড়লো?

প্রধান উপদেষ্টা এবং অন্যান্য উপদেষ্টারা বলছেন আলোচনার পথ খোলা। চাইলে বিএনপির সঙ্গে আলোচনায় বসা যায়? কেন আলোচনার সব পথ খোলা থাকার পরেও রাজপথে নেমে আন্দোলন করতে হবে? (জাগপা)

একদিকে ককটেল-অগ্নিসংযোগ, অন্যদিকে আটদলের আন্দোলন। পরিস্থিতি হঠাৎ করে ঘোলাটে হয়ে গেল। এই পরিস্থিতি কি ফ্যাসিবাদকে আবার সুযোগ করে দিচ্ছে কিনা?(বিএনপি)

জামায়াতে ইসলামীসহ আট দলের এ ধরণের কর্মসূচী নির্বাচনকে বাধাগ্রস্ত করবে কিনা? আপনারা জুলাই সনদের আইনি ভিত্তি চান, সংসদ ছাড়া এই আইনি ভিত্তি কী উপায়ে হবে এবং হলেও পরে এটি আদৌ টিকবে কিনা যদি পরিষ্কার করেন? (এনসিপি)

প্রধান উপদেষ্টা ড. ইউনুস আজ কানাডার সংসদীয় প্রতিনিধি দলকে বলেছেন যে নির্বাচনের প্রস্তুতি নিচ্ছেন। ডিসেম্বরের প্রথম সপ্তাহে তফসিল ঘোষণা করার কথা ইসির। আপনারা এই প্রস্তুতিকে কীভাবে দেখছেন, ঘাটতি কোথায়? শঙ্কা কোথায়? সবচেয়ে বড় চ্যালেঞ্জ কী? (সকলকে)

দুইশ আটত্রিশ আসনে একক প্রার্থী ঘোষণা করেছে বিএনপি। ধানের শীষ পাওয়ার পর প্রার্থীরা মাঠ ঘাট চষে বেড়াচ্ছেন। কোনো কোনো আসনে কোন্দলও দেখা দিয়েছে। বিদ্রোহী প্রার্থীরা মাঠ ছাড়েননি। এ নিয়ে বেশ কিছু আসনে টানাপোড়েন চলছে। মিত্রদের মধ্যেও একধরণের অসন্তষ চলছে। বিএনপি বড় দল আমরা জানি। কিন্তু আপনার কী মনে হয় না দল সামলাতে একটু হিমশিম খাচ্ছে বিএনপি এবার?

এবং নির্বাচনের আগে এ ধরণের উত্তপ্ত পরিস্থিতি সামাল না দিলে অবস্থা কী আরও সংকটময় হবে না?

বিবিসি বাংলায় একটি প্রতিবেদন প্রকাশ হয়েছে, সেখানে জাতীয় পার্টি 'সুযোগ' পেলে বিএনপি বা জামায়াতের সাথে জোটবদ্ধ নির্বাচন করতে আগ্রহী জাতীয় পার্টি। কিন্তু গণঅধিকার পরিষদ আওয়ামী লীগ, সতন্ত্র, এবং জাতীয় পার্টি আগামী নির্বাচনে যাতে অংশ নিতে না পারে, সেজন্য ইসিকে সারকলিপি দিয়েছে।

তাহলে আগামীতে যে আমরা অংশগ্রহণমূলক কোন নির্বাচন চাচ্ছি সেটা প্রশ্ন বিদ্ধ হবে কিনা ?

বিএনপির কাছে সহজ প্রশ্ন জাতীয় পার্টিকে আপনারা নির্বাচনে দেখতে চান কীনা?

এনসিপির কাছে প্রশ্ন আপনাদের স্ট্যান্ড কী? আর জাগপার কাছে প্রশ্ন যদি আপনাদের ৮ দলে জাতীয় পার্টি যোগ দিতে চায় আপনার জায়গা থেকে এর উত্তর কী হবে- ব্যক্তিগত উত্তর?

Published Copy:

https://youtu.be/0Oty2ZxcjnM?si=h9liSPxI_RiZ7r18

Image "1.2": Poster of the Talk show

Mistakes:

- Questions were longer and more complicated than necessary.
- Some information about candidates, protests and alliances was repeated in more than one section.
- Did not initially balance the number of questions for all political representatives equally.

Learning Outcomes:

- Learned how to convert simple topic points into strong.
- Improved skill in structuring talk-show rundowns.
- Learned how to balance neutrality in politically sensitive discussions.
- Practiced adding depth and context without making questions biased.
- Understood how to match questions with the right guests based on their political parties.
- Learned to make the script smooth, logical and easier for the host to present.

Project 5:

Project Title: **গণভোটের দিন ভোট**

Type of Work: Talk show Script

Project Date: 13 November, 2025

Project Details: This project focused on editing and refining the discussion script of “Notun Bangladesh Episode 53”, aired on 13 November 2025. The episode dealt with one of the most sensitive political issues of the moment, the topic is about the national referendum taking place on the same day as the general election. The original script I wrote was quite long, unstructured paragraphs, repetitive statements and overlapping questions. My task was to turn these raw discussion points into clear, logically sequenced, broadcast friendly questions that the host could ask the guests.

My Roles and responsibility:

- Organizing a very large amount of complex political content.
- Restructuring paragraphs into clean, direct and TV appropriate questions
- Ensuring smooth flow from one topic to another.
- Clarifying political party positions without bias.
- Matching the right questions with the right guest.
- Keeping the discussion balanced despite political sensitivity.

Challenges:

This project was focused on very unstable political situations involving multiple parties and alliances in Bangladesh. Framing questions that addressed protests, election timing, violence and political accusations without sounding biased was very difficult. Another challenge was ensuring that every political group BNP, NCP and others were questioned fairly and given equal importance in the discussion. I also found it challenging to keep the tone professional while dealing with emotionally charged events such as agitations, internal conflicts and threats of street movement.

My edited copy

মধুমতি ব্যাংক পিএলসি লি.

নতুন বাংলাদেশ

এপিসোড- ৫৩

১৩ নভেম্বর ২০২৫

উপস্থাপক: জান্নাতুল সাদিয়া

অতিথি:

- **ফয়েজ আহম্মদ**

প্রধান উপদেষ্টার সিনিয়র সহকারী প্রেস সচিব

- **শেখ রবিউল আলম**

কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য, বিএনপি

- **নাভিদ নওরোজ শাহ**

যুগ্ম আহবায়ক, জাতীয় নাগরিক পার্টি-এনসিপি

বিষয়: গণভোটের দিন ভোট

জুলাই সনদ, জাতীয় নির্বাচন, গণভোট, সংসদের উচ্চকক্ষসহ প্রধান উপদেষ্টার ভাষণ এবং তারপর রাজনৈতিক দলগুলোর প্রতিক্রিয়া, এসবই থাকবে আলোচনায়। বিষয় নির্ধারণ করেছি, গণভোটের দিন ভোট।

প্রশ্ন ফয়েজ আহম্মদ : জাতীয় নির্বাচনের দিনই হবে গণভোট হবে। কিন্তু প্রধান উপদেষ্টার ভাষণের পর আমরা দেখলাম যে, বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকেই প্রতিক্রিয়া এসেছে। বিএনপি বলেছে, প্রধান উপদেষ্টা নিজের সই করা জুলাই জাতীয় সনদ লঙঘন করেছেন। সংবিধান সংস্কার পরিষদ গঠিত হওয়ার বিষয়টি ঐকমত্য কমিশনে আলোচনাই হয়নি। জুলাই সনদের কপিতে নোট অব ডিসেন্টসহ রাজনৈতিক দলগুলোর ভাবনা উল্লেখ রয়েছে। প্রধান উপদেষ্টা সেখানে স্বাক্ষর করেছেন। কিন্তু সুপারিশমালায় সেসব নেই।তাহলে কি প্রধান উপদেষ্টা নিজের স্বাক্ষরকে লঙঘন করলেন না?’এই অভিযোগের প্রেক্ষিতে কি ব্যাখ্যা দেবেন?

প্রশ্ন এনসিপি: নাভিদ নওরোজ শাহ, আপনারা তো বলেছিলেন, গণভোট নির্বাচন এর আগে বা একইদিনে হলে আপনারা সেটিতে একমত। সেটিই হলো। আর কোনো বিষয়ে আপত্তি আছে কিনা?

প্রশ্ন বিএনপি: নোট অব ডিসেন্টের কি হলো তাহলে? আগামী জাতীয় সংসদ নির্বাচনের দিনেই গণভোটের আয়োজন করা হবে। চারটি বিষয়ে একটি প্রশ্নে হবে এই গণভোট। গণভোটে পাস হলে আগামী জাতীয় সংসদ হবে দুই কক্ষবিশিষ্ট। জাতীয় সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০ সদস্যবিশিষ্ট একটি উচ্চকক্ষ গঠিত হবে। আর সংবিধান সংশোধন করতে হলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদন দরকার হবে। এগুলো তো আপনারা চান নি। এখন কি করবেন তাহলে?

জামায়াতও বলেছে, একই দিনে গণভোট ও নির্বাচনের ঘোষণায় গণদাবি উপেক্ষা করা হয়েছে। জনগণের অভিপ্রায় টা কিছিলো যেটা আপনারা উপেক্ষা করলেন। কারণ আপনাদের ওপর ভরসা করেই তো দায়িত্ব দেওয়া হয়েছিলো।

বিএনপি বলছে, গত ১৭ অক্টোবর জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় যে জুলাই জাতীয় সনদ প্রধান উপদেষ্টা নিজে স্বাক্ষর করেছেন, সেটা তিনি লঙঘন করেছেন। 'সংবিধান সংস্কার পরিষদ' নামে যে বডি, সেটি জাতীয় সংসদের কোনো পর্যায়ে গঠনের বিষয়ে ঐকমত্য কমিশনের আলোচনার বিষয় ছিল না। এটা সম্পূর্ণ নতুন ধারণা। সংবিধান সংস্কার পরিষদটা কোত্থেকে এলো? যে বিষয়টা ঐকমত্য কমিশনে আলোচনাই হয়নি। এখন এই বিষয়টা কি গ্রহণযোগ্য কিনা?

সংবিধান সংস্কার পরিষদ নতুন ধারণা উল্লেখ করে তিনি বলেন, 'নির্বাচনের মাধ্যমে যারা নির্বাচিত হবেন তারা কী করে সংস্কার পরিষদ সদস্য হিসেবে নির্বাচিত হন? সার্বভৌমত্বের এখতিয়ার সংসদ ও তার সদস্যদের। কিছু চাপিয়ে দেয়া এখতিয়ার বহির্ভূত। যেসব ধারণা উপস্থাপন করা সাংঘর্ষিক।'জাতীয় সংসদের উচ্চকক্ষে পিআর জাতীয় ঐকমত্য কমিশনের মাধ্যমে 'নোট অব ডিসেন্টের' মাধ্যমে মীমাংসিত। এটি নতুন করে আরোপ করার কোনো সুযোগ নেই।

জামায়াতও বলেছে, একই দিনে গণভোট ও নির্বাচনের ঘোষণায় গণদাবি উপেক্ষা করা হয়েছে। জামাত সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, সংবিধান সংস্কারসহ অন্যান্য সংস্কার বিষয়ে যে ৪৮টি প্রস্তাবে রাজনৈতিক দলগুলো একমত হয়েছে, সেগুলো জাতীয় নির্বাচনের আগে জাতিকে জানাতে হবে। আপনারা জানাবেন কিনা? যদি জানান সেটা জানাবেন কিভাবে?

সালাহউদ্দিন আহমদ বলেন, 'গণভোটের জন্য চারটি বিষয়ের ওপর যে প্রশ্ন দেয়া হয়েছে তা জনগণের ওপর জবরদস্তিমূলক। জনগণকে জবরদস্তিমূলক বলা হচ্ছে আপনি হ্যাঁ অথবা না বলবেন।'ভোটাররা সেই বিষয়ে জানার পরই গণভোটে 'হ্যাঁ' বা 'না' মতামত দেবেন। কিন্তু একই দিনে জাতীয় নির্বাচন ও গণভোট হলে একজন ভোটারকে গণভোট দিতে হবে আবার প্রতীকে

জাতীয় নির্বাচনের ভোটও দিতে হবে। এটা একটা সংকট তৈরি করবে। সংকট হলে সেটা সরকার সামাল দেবে কিভাবে?

অনেকেই তো পড়াশোনা না জানা। তাদের ক্ষেত্রে গণভোটের বিষয়টা বোঝানোর ব্যাপারে কোনো ইনিশিয়েটিভ নিবেন কিনা? দেশবাসীকে জানানো হবে কিভাবে?

এখনো জামায়াত চায়, নির্বাচনের আগেই গণভোটের সিদ্ধান্তে অনড় তারা। এমন পরিস্থিতিতে জামায়াতকে কিভাবে সামলাবে? জামায়াতের পক্ষ থেকে বলা হচ্ছে,

মিয়া গোলাম পরওয়ার বলেন, বাংলাদেশের জাতীয় নির্বাচনের ইতিহাসে প্রতিটি নির্বাচনে কমবেশি কিছু ভোটকেন্দ্রে সহিংসতা, বিশৃঙ্খলার কারণে ভোট বন্ধ হয়ে যাওয়ার ঘটনা ঘটেছে। এবার কোনো কেন্দ্রে বিশৃঙ্খলার কারণে জাতীয় নির্বাচনের প্রতীকের ভোট বন্ধ হয়ে গেলে গণভোটের কী হবে, এর কোনো জবাব (সরকারের কাছে) নেই। এমন পরিস্থিতি হলে, তখন সরকার কি করবে? গণভোট প্রভাবিত হওয়ার শংকা থাকে কিনা? যদি ভোট দিতে ভোটাররা কম সংখ্যায় যান, তখন বিষয়টা কি হবে। গণভোট প্রভাবিত হতে পারে কিনা? অন্যান্য ভোটব্যাংকও তো আছে। তারা যদি না ভোট দেয়।

সেক্ষেত্রে না ভোট যদি জিতে যায়, জুলাই সনদ এর বাস্তবায়ন নিয়ে কোনো শংকা থেকে যায় কিনা?

গণভোটে জনগণকে কিসে ‘হ্যাঁ’ আর কিসে ‘না’ বলতে হবে, সেটি নির্বাচনের আগেই জানতে হবে। ভোটারদের গণভোটের বিষয়ে স্টাডি করতে হবে। কোথাও একটা গিয়ে, সাধারণ ভোটারদের জন্য জটিল মনে হচ্ছে কিনা বিষয়টা?

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, যে সংকট নিরসনের জন্য বাংলাদেশ জামায়াতে ইসলামীসহ ৮টি সমমনা দল দাবি করে আসছি যে, গণভোটটা জাতীয় নির্বাচনের আগে করতে হবে। তাহলে এর আইনি ভিত্তিটা দৃঢ় হবে। এটা নিয়ে পরবর্তীতে আদালতে আইনি ভিত্তি নিয়ে প্রশ্ন উঠবে না। সেই সংকট কিন্তু রয়েই গেল। সংকট কেনো কাটানো গেলো না?

জামায়াতের নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের বলেছেন, জাতীয় নির্বাচনের দিনেই গণভোট অনুষ্ঠিত হলে এর গুরুত্ব অনেকটা চাপা পড়ে যাবে। সমান গুরুত্ব দেওয়া হলো না এমন্টাই বোঝাতে চেয়েছেন হয়তো। রাজনীতিতেই একটা মেরুকরণ হয়ে গেছে প্রধান উপদেষ্টার বক্তব্য নিয়ে? কি বলবেন?

জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ জারি করলেন রাষ্ট্রপতি মো. শাহাবুদ্দিন। কিন্তু সংসদে পাশ হবার পরেই না রাষ্ট্রপতি আদেশ করবেন? বিষয়টা পরিষ্কার করবেন কিনা?

মধুমতি ব্যাংক পিএলসি লি.

নতুন বাংলাদেশ

এপিসোড- ৫৩

১৩ নভেম্বর ২০২৫

উপস্থাপক: জান্নাতুল সাদিয়া

অতিথি:

- **ফয়েজ আহম্মদ**

প্রধান উপদেষ্টার সিনিয়র সহকারী প্রেস সচিব

- **শেখ রবিউল আলম**

কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য, বিএনপি

- **নাভিদ নওরোজ শাহ**

যুগ্ম আহবায়ক, জাতীয় নাগরিক পার্টি-এনসিপি

বিষয়: গণভোটের দিন ভোট

জুলাই সনদ, জাতীয় নির্বাচন, গণভোট, সংসদের উচ্চকক্ষসহ প্রধান উপদেষ্টার ভাষণ এবং তারপর রাজনৈতিক দলগুলোর প্রতিক্রিয়া, এসবই থাকবে আলোচনায়। বিষয় নির্ধারণ করেছি, গণভোটের দিন ভোট।

প্রশ্ন ফয়েজ আহম্মদ : জাতীয় নির্বাচনের দিনই হবে গণভোট হবে। কিন্তু প্রধান উপদেষ্টার ভাষণের পর আমরা দেখলাম যে, বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকেই প্রতিক্রিয়া এসেছে। বিএনপি বলেছে, প্রধান উপদেষ্টা নিজের সই করা জুলাই জাতীয় সনদ লঙ্ঘন করেছেন। সংবিধান সংস্কার পরিষদ গঠিত হওয়ার বিষয়টি ঐকমত্য কমিশনে আলোচনাই হয়নি। জুলাই সনদের কপিতে নোট অব ডিসেন্টসহ রাজনৈতিক দলগুলোর ভাবনা উল্লেখ রয়েছে। প্রধান উপদেষ্টা সেখানে স্বাক্ষর করেছেন। কিন্তু সুপারিশমালায় সেসব নেই।তাহলে কি প্রধান উপদেষ্টা নিজের স্বাক্ষরকে লঙ্ঘন করলেন না?’এই অভিযোগের প্রেক্ষিতে কি ব্যাখ্যা দেবেন?

প্রশ্ন এনসিপি: নাভিদ নওরোজ শাহ, আপনারা তো বলেছিলেন, গণভোট নির্বাচন এর আগে বা একইদিনে হলে আপনারা সেটিতে একমত। সেটিই হলো। আর কোনো বিষয়ে আপত্তি আছে কিনা?

প্রশ্ন বিএনপি: শেখ রবিউল আলম, নোট অব ডিসেন্টের কি হলো তাহলে? আগামী জাতীয় সংসদ নির্বাচনের দিনেই গণভোটের আয়োজন করা হবে। চারটি বিষয়ে একটি প্রশ্নে হবে এই গণভোট। গণভোটে পাস হলে আগামী জাতীয় সংসদ হবে দুই কক্ষবিশিষ্ট। জাতীয় সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০ সদস্যবিশিষ্ট একটি উচ্চকক্ষ গঠিত হবে। আর সংবিধান সংশোধন করতে হলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদন দরকার হবে। এগুলো তো আপনারা চান নি। এখন কি করবেন তাহলে?

জামায়াতও বলেছে, একই দিনে গণভোট ও নির্বাচনের ঘোষণায় গণদাবি উপেক্ষা করা হয়েছে। জনগণের অভিপ্রায় টা কিছিলো যেটা আপনারা উপেক্ষা করলেন। কারণ আপনাদের ওপর ভরসা করেই তো দায়িত্ব দেওয়া হয়েছিলো।

বিএনপি বলছে, গত ১৭ অক্টোবর জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় যে জুলাই জাতীয় সনদ প্রধান উপদেষ্টা নিজে স্বাক্ষর করেছেন, সেটা তিনি লঙ্ঘন করেছেন। 'সংবিধান সংস্কার পরিষদ' নামে যে বডি, সেটি জাতীয় সংসদের কোনো পর্যায়ে গঠনের বিষয়ে ঐকমত্য কমিশনের আলোচনার বিষয় ছিল না। এটা সম্পূর্ণ নতুন ধারণা। সংবিধান সংস্কার পরিষদটা কোত্থেকে এলো? যে বিষয়টা ঐকমত্য কমিশনে আলোচনাই হয়নি। এখন এই বিষয়টা কি গ্রহণযোগ্য কিনা?

সংবিধান সংস্কার পরিষদ নতুন ধারণা উল্লেখ করে তিনি বলেন, 'নির্বাচনের মাধ্যমে যারা নির্বাচিত হবেন তারা কী করে সংস্কার পরিষদ সদস্য হিসেবে নির্বাচিত হন? সার্বভৌমত্বের এখতিয়ার সংসদ ও তার সদস্যদের। কিছু চাপিয়ে দেয়া এখতিয়ার বহির্ভূত। যেসব ধারণা উপস্থাপন করা হচ্ছে সেগুলো সাংঘর্ষিক।'

জাতীয় সংসদের উচ্চকক্ষে পিআর জাতীয় ঐকমত্য কমিশনের মাধ্যমে 'নোট অব ডিসেন্টের' মাধ্যমে মীমাংসিত। এটি নতুন করে আরোপ করার কোনো সুযোগ নেই।

জামায়াতও বলেছে, একই দিনে গণভোট ও নির্বাচনের ঘোষণায় গণদাবি উপেক্ষা করা হয়েছে। জামাত সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, সংবিধান সংস্কারসহ অন্যান্য সংস্কার বিষয়ে যে ৪৮টি প্রস্তাবে রাজনৈতিক দলগুলো একমত হয়েছে, সেগুলো জাতীয় নির্বাচনের আগে জাতিকে জানাতে হবে।আপনারা জানাবেন কিনা? যদি জানান সেটা জানাবেন কিভাবে?

সালাহউদ্দিন আহমদ বলেন, 'গণভোটের জন্য চারটি বিষয়ের ওপর যে প্রশ্ন দেয়া হয়েছে তা জনগণের ওপর জবরদস্তিমূলক। জনগণকে জবরদস্তিমূলক বলা হচ্ছে আপনি হ্যাঁ অথবা না বলবেন।'ভোটাররা সেই বিষয়ে জানার পরই গণভোটে 'হ্যাঁ' বা 'না' মতামত দেবেন। কিন্তু একই দিনে জাতীয় নির্বাচন ও গণভোট হলে একজন ভোটারকে গণভোট দিতে হবে আবার প্রতীকে

জাতীয় নির্বাচনের ভোটও দিতে হবে। এটা একটা সংকট তৈরি করবে। সংকট হলে সেটা সরকার সামাল দেবে কিভাবে?

অনেকেই তো পড়াশোনা না জানা। তাদের ক্ষেত্রে গণভোটের বিষয়টা বোঝানোর ব্যাপারে কোনো ইনিশিয়েটিভ নিবেন কিনা? দেশবাসীকে জানানো হবে কিভাবে?

এখনো জামায়াত চায়, নির্বাচনের আগেই গণভোটের সিদ্ধান্তে অনড় তারা। এমন পরিস্থিতিতে জামায়াতকে কিভাবে সামলাবে? জামায়াতের পক্ষ থেকে মিয়া গোলাম পরওয়ার বলেন, বাংলাদেশের জাতীয় নির্বাচনের ইতিহাসে প্রতিটি নির্বাচনে কমবেশি কিছু ভোটকেন্দ্রে সহিংসতা, বিশৃঙ্খলার কারণে ভোট বন্ধ হয়ে যাওয়ার ঘটনা ঘটেছে। এবার কোনো কেন্দ্রে বিশৃঙ্খলার কারণে জাতীয় নির্বাচনের প্রতীকের ভোট বন্ধ হয়ে গেলে গণভোটের কী হবে, এর কোনো জবাব (সরকারের কাছে) নেই। এমন পরিস্থিতি হলে, তখন সরকার কি করবে? গণভোট প্রভাবিত হওয়ার শংকা থাকে কিনা? যদি ভোট দিতে ভোটাররা কম সংখ্যক যান, তখন বিষয়টা কি হবে? গণভোট প্রভাবিত হতে পারে কিনা? অন্যান্য ভোটব্যাংকও তো আছে। তারা যদি না ভোট দেয়।

সেক্ষেত্রে না ভোট যদি জিতে যায়, জুলাই সনদ এর বাস্তবায়ন নিয়ে কোনো শংকা থেকে যায় কিনা? গণভোটে জনগণকে কিসে ‘হ্যাঁ’ আর কিসে ‘না’ বলতে হবে, সেটি নির্বাচনের আগেই জানতে হবে। ভোটারদের গণভোটের বিষয়ে স্টাডি করতে হবে। কোথাও একটা গিয়ে, সাধারণ ভোটারদের জন্য জটিল মনে হচ্ছে কিনা বিষয়টা?

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, যে সংকট নিরসনের জন্য বাংলাদেশ জামায়াতে ইসলামীসহ ৮টি সমমনা দল দাবি করে আসছি যে, গণভোটটা জাতীয় নির্বাচনের আগে করতে হবে। তাহলে এর আইনি ভিত্তিটা দৃঢ় হবে। এটা নিয়ে পরবর্তীতে আদালতে আইনি ভিত্তি নিয়ে প্রশ্ন উঠবে না। সেই সংকট কিন্তু রয়েই গেল। সংকট কেনো কাটানো গেলো না?

জামায়াতের নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের বলেছেন, জাতীয় নির্বাচনের দিনেই গণভোট অনুষ্ঠিত হলে এর গুরুত্ব অনেকটা চাপা পড়ে যাবে। সমান গুরুত্ব দেওয়া হলো না, বোঝাতে চেয়েছেন হয়তো। রাজনীতিতেই একটা মেরুকরণ হয়ে গেছে প্রধান উপদেষ্টার বক্তব্য নিয়ে, কি বলবেন?

জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ জারি করলেন রাষ্ট্রপতি মো. শাহাবুদ্দিন। কিন্তু সংসদে পাশ হবার পরেই না রাষ্ট্রপতি আদেশ করবেন? বিষয়টা পরিষ্কার করবেন কিনা?

Published Copy:

https://youtu.be/yx0CsDmOd84?si=Gd4UP6NGS5W7gfqm

Mistakes:

- In the first version, some questions were longer and more complicated than necessary.
- Some information about candidates, protests and alliances was repeated in more than one section.
- Did not initially balance the number of questions for all political representatives equally.
-

Learning Outcomes:

- Learned how to structure a political talk show script professionally.
- Improved ability to frame unbiased and balanced questions for multiple political parties.
- Understood how to maintain neutrality while dealing with sensitive political issues.

Project 6:

Project Title: শাটডাউন ও রাজনৈতিক বাস্তবতা

Type of Work: Talk Show script

Project Date: 16 November, 2025

Project Details: This project involves compiling and writing the host's script and questions for a televised political discussion on the show "Notun Bangladesh" program Episode 54. The discussion focuses on the political situations following the verdict in the humanity crimes trial of Sheikh Hasina, the resulting nationwide shutdown, public perception of the Awami League's future and the possibility of national elections.

My Roles and responsibility:

- Analyze the current political context.
- Draft critical and investigative questions on sensitive political issues.
- Include references to key political events.

Challenges:

This project was particularly challenging because it dealt with extremely sensitive political and legal issues, including allegations of crimes against humanity, nationwide shutdowns and questions of legitimacy and justice. Framing the questions in a way that addressed serious accusations, violence and political controversies without sounding defamatory or biased was very difficult. Another challenge was maintaining journalistic balance while including strong, emotional and conflicting statements from different sides of the political issues.

My edited copy

মধুমতি ব্যাংক পিএলসি লি.

নতুন বাংলাদেশ

এপিসোড- ৫৪

১৬ নভেম্বর ২০২৫

উপস্থাপক: জান্নাতুল সাদিয়া

অতিথি:

- **ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারী**

মহাসচিব, জাতীয় পার্টি-জাপা

- **ডা. জাহেদ উর রহমান**

বিশ্ববিদ্যালয় শিক্ষক ও রাজনীতি বিশ্লেষক

- **ববি হাজ্জাজ**

চেয়ারম্যান, জাতীয় গণতান্ত্রিক মুভমেন্ট-এনডিএম

বিষয়: শাটডাউন ও রাজনৈতিক বাস্তবতা

প্রশ্ন: আগামীকাল ১৭ নভেম্বর মানবতাবিরোধী অপরাধে শেখ হাসিনার বিচারের রায় নিয়ে সর্বাত্মক শাটডাউনের কর্মসূচি, এবং তার আগে বিভিন্ন স্থানে ককটেল বিস্ফোরণ, আগুন সন্ত্রাস ঘিরে এইসব বিশৃংখলা দিয়ে, আওয়ামী লীগ তাদের রাজনীতি নিয়ে আগামী দিনে কিভাবে মানুষের সামনের দাড়াবে?

জুলাইয়ের স্মৃতি মানুষের কাছে এখনো দগদগে। ছাত্র জনতা হত্যাকাণ্ডে ক্ষমাও চাননি শেখ হাসিনা। দলের অনুশোচনাবোধও দেখা যায়না। অবশ্য ক্ষমা চাইলেও কি এতোসব অপরাধের দায়মুক্তি হতো?

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের সময়ে যে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রতিষ্ঠা এবং এর আইনি কাঠামো প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছিল। মূলত তাঁর সরকারেরই গঠিত এই

প্রতিষ্ঠান বর্তমানে তাঁকেই বিচারের মুখোমুখি করছে একটি প্রতিষ্ঠান যাকে তাঁর সরকার আন্তর্জাতিক মান বজায় রাখার ক্ষেত্রে সর্বোচ্চ পর্যায়ের বলে প্রশংসা করেছিল।

এখন সেই ট্রাইব্যুনালে তার বিচার হচ্ছে। আগামীকাল রায় হবে। তার পক্ষে দুজন ব্রিটিশ আইনজীবী জাতিসংঘে পিটিশন করেছে এবং আন্তর্জতিক আদালতে নালিশ জানিয়েছ বিষয়গুলোকে কিভাবে দেখছেন ? কেমন রায় প্রত্যাশা করছেন?

বিবিসিকে দেওয়া প্রথম এই সাক্ষাৎকারে হাসিনা বলেন, তার অনুপস্থিতিতে যে বিচার চলছে, তা রাজনৈতিক প্রতিপক্ষের নিয়ন্ত্রিত "ক্যাঙ্গারু কোর্টের" সাজানো এক "প্রহসন"। আবার এই ট্রাইবুনালের কার্যক্রম 'আন্তর্জাতিক মানদণ্ড' অনুসরণ করা হয়েছে দাবি করেছিলো আওয়ামী লীগ সরকার। মানে অতীতে হাসিনাই এই ট্রাইবুনালকে আন্তর্জাতিক মানের বলে প্রশংসা করেছিলো। এর মধ্য দিয়ে কি, বিগত দিনে যত রায় হয়েছে, সেটা কি প্রশ্নবিদ্ধ হলো কিনা? অথবা এখন যে রায় হবে সেগুলো পরবর্তীতে প্রশ্নবিদ্ধ হবার সুযোগ তৈরি হবে কিনা?

ক্ষমতাচ্যুতির প্রায় ১৫ মাস পর এসে তিনি বলছেন, তাদের পতনের পেছনে আমেরিকা বা পশ্চিমা কোনো শক্তির সরাসরি ভূমিকা ছিল বলে তিনি মনে করেন না। অথচ গত বছরের জুলাই গণঅভ্যুত্থানে পতনের পর থেকেই হাসিনা এবং তার সরকারের মন্ত্রী ও দলীয় নেতা-কর্মীরা যুক্তরাষ্ট্রকেই দোষারোপ করে আসছিলেন। সিএনএন-নিউজ এইটিনকে দেওয়া সাক্ষাৎকারে হাসিনা বলেছেন, উৎখাতের পেছনে আমেরিকার হাত নেই। সময়ের ব্যবধানে এরকম মন্তব্যকে কিভাবে দেখছেন? আমেরিকার কাছে গ্রহনযোগ্যতা বাড়ানোর চেষ্টা কিনা?

২০২৪ এর ৫ আগস্টের পরে আপনাদের কি মনে হয় বাংলাদেশ কি রেডিকালাইজেশনের দিকে যাচ্ছে? দক্ষিণপন্থার উত্থান হচ্ছে কিনা? যেখানে বৃহৎ মধ্যপন্থি দল হিসেবে বিএনপি একটু চাপে আছে কিনা।

বিভ্রান্তি, হতাশা ও অনিশ্চয়তার মধ্যেও জাতীয় নির্বাচন হওয়ার একটি সম্ভাবনা এখন তৈরি হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এ প্রসঙ্গে তিনি বলেন, ২০২৬ সালের ফেব্রুয়ারিতে নির্বাচন অনুষ্ঠানের সম্ভাবনা দেখা দিয়েছে। কিন্তু একটি মহল পরিকল্পিতভাবে দেশে অনিশ্চয়তা সৃষ্টি করতে চাইছে। এই বিশেষ মহলটি কারা হতে পারে? কোনো মন্তব্য যদি করতে চান।

'সুযোগ' পেলে বিএনপি বা জামায়াতের সাথে জোটবদ্ধ নির্বাচন করতে আগ্রহী জাতীয় পার্টি। কিন্তু আমরা দেখলাম, জাতীয় পার্টিকে ভোটের বাইরে রাখার দাবিতে ইসিকে আহবান জানিয়েছিলো গণঅধিকার পরিষদ। এছাড়াও ফ্যাসিস্টের দোসর বলে আরো বিভিন্ন রাজনৈতিক দলও, আপনারা যেন নির্বাচন না করতে পারেন সেটি চাইছে। কি বলবেন? নির্বাচনে জাতীয় পার্টির কি অবস্থান হবে ?

বড় একটা দল, জাতীয় পার্টিকে ছাড়া নির্বাচন হলে সেটা কি অংশগ্রহণমূলক নির্বাচন বলা যাবে কিনা? নির্বাচন প্রশ্নবিদ্ধ হবে কিনা? গনতন্ত্রের স্বার্থে ইনক্লুসিভ নির্বাচনের কথা বলা হচ্ছে, সেটা বিশ্বের কাছে গ্রহণযোগ্য হবে কিনা?

ইসির সাথে বেশ কয়েকটি রাজনৈতিক দলের সংলাপ শুরু হয়েছে। ইসির সংলাপে জাতীয় পার্টি কি ডাক পাবে? ভোটে অংশ নেওয়া নিয়ে গ্রিন সিগন্যাল পাবেন কিনা? না পেলে কি করবেন?

Final and Edited copy

মধুমতি ব্যাংক পিএলসি লি.

নতুন বাংলাদেশ

এপিসোড- ৫৪

১৬ নভেম্বর ২০২৫

উপস্থাপক: জান্নাতুল সাদিয়া

অতিথি:

- **ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারী**

মহাসচিব, জাতীয় পার্টি-জাপা

- **ডা. জাহেদ উর রহমান**

বিশ্ববিদ্যালয় শিক্ষক ও রাজনীতি বিশ্লেষক

- **ববি হাজ্জাজ**

চেয়ারম্যান, জাতীয় গণতান্ত্রিক মুভমেন্ট-এনডিএম

বিষয়: শাটডাউন ও রাজনৈতিক বাস্তবতা

প্রশ্ন: আগামীকাল ১৭ নভেম্বর মানবতাবিরোধী অপরাধে শেখ হাসিনার বিচারের রায় নিয়ে সর্বাত্মক শাটডাউনের কর্মসূচি, এবং তার আগে বিভিন্ন স্থানে ককটেল বিস্ফোরণ, আগুন সন্ত্রাস ঘিরে এইসব বিশৃংখলা দিয়ে, আওয়ামী লীগ তাদের রাজনীতি নিয়ে আগামী দিনে কিভাবে মানুষের সামনের দাড়াবে?

জুলাইয়ের স্মৃতি মানুষের কাছে এখনো দগদগে। ছাত্র জনতা হত্যাকাণ্ডে ক্ষমাও চাননি শেখ হাসিনা। দলের অনুশোচনাবোধও দেখা যায়না। অবশ্য ক্ষমা চাইলেও কি এতোসব অপরাধের দায়মুক্তি হতো?

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের সময়ে যে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রতিষ্ঠা এবং এর আইনি কাঠামো প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছিল। মূলত তাঁর সরকারেরই গঠিত এই প্রতিষ্ঠান বর্তমানে তাঁকেই বিচারের মুখোমুখি করছে একটি প্রতিষ্ঠান যাকে তাঁর সরকার আন্তর্জাতিক মান বজায় রাখার ক্ষেত্রে সর্বোচ্চ পর্যায়ের বলে প্রশংসা করেছিল।

এখন সেই ট্রাইব্যুনালে তার বিচার হচ্ছে। আগামীকাল রায় হবে। তার পক্ষে দুজন ব্রিটিশ আইনজীবী জাতিসংঘে পিটিশন করেছে এবং আন্তর্জতিক আদালতে নালিশ জানিয়েছ বিষয়গুলোকে কিভাবে দেখছেন ? কেমন রায় প্রত্যাশা করছেন?

বিবিসিকে দেওয়া প্রথম এই সাক্ষাৎকারে হাসিনা বলেন, তার অনুপস্থিতিতে যে বিচার চলছে, তা রাজনৈতিক প্রতিপক্ষের নিয়ন্ত্রিত "ক্যাঙ্গারু কোর্টের" সাজানো এক "প্রহসন"। আবার এই ট্রাইবুনালের কার্যক্রম ‘আন্তর্জাতিক মানদণ্ড’ অনুসরণ করা হয়েছে দাবি করেছিলো আওয়ামী লীগ সরকার। মানে অতীতে হাসিনাই এই ট্রাইবুনালকে আন্তর্জাতিক মানের বলে প্রশংসা করেছিলো। এর মধ্য দিয়ে কি, বিগত দিনে যত রায় হয়েছে, সেটা কি প্রশ্নবিদ্ধ হলো কিনা? অথবা এখন যে রায় হবে সেগুলো পরবর্তীতে প্রশ্নবিদ্ধ হবার সুযোগ তৈরি হবে কিনা?

ক্ষমতাচ্যুতির প্রায় ১৫ মাস পর এসে তিনি বলছেন, তাদের পতনের পেছনে আমেরিকা বা পশ্চিমা কোনো শক্তির সরাসরি ভূমিকা ছিল বলে তিনি মনে করেন না। অথচ গত বছরের জুলাই গণঅভ্যুত্থানে পতনের পর থেকেই হাসিনা এবং তার সরকারের মন্ত্রী ও দলীয় নেতা-কর্মীরা যুক্তরাষ্ট্রকেই দোষারোপ করে আসছিলেন। সিএনএন-নিউজ এইটিনকে দেওয়া সাক্ষাৎকারে হাসিনা বলেছেন, উৎখাতের পেছনে আমেরিকার হাত নেই। সময়ের ব্যবধানে এরকম মন্তব্যকে কিভাবে দেখছেন? আমেরিকার কাছে গ্রহনযোগ্যতা বাড়ানোর চেষ্টা কিনা?

২০২৪ এর ৫ আগস্টের পরে আপনাদের কি মনে হয় বাংলাদেশ কি রেডিকালাইজেশনের দিকে যাচ্ছে? দক্ষিণপন্থার উত্থান হচ্ছে কিনা? যেখানে বৃহৎ মধ্যপন্থি দল হিসেবে বিএনপি একটু চাপে আছে কিনা।

বিভ্রান্তি, হতাশা ও অনিশ্চয়তার মধ্যেও জাতীয় নির্বাচন হওয়ার একটি সম্ভাবনা এখন তৈরি হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এ প্রসঙ্গে তিনি বলেন, ২০২৬ সালের ফেব্রুয়ারিতে নির্বাচন অনুষ্ঠানের সম্ভাবনা দেখা দিয়েছে। কিন্তু একটি মহল পরিকল্পিতভাবে দেশে অনিশ্চয়তা সৃষ্টি করতে চাইছে। এই বিশেষ মহলটি কারা হতে পারে? কোনো মন্তব্য যদি করতে চান।

'সুযোগ' পেলে বিএনপি বা জামায়াতের সাথে জোটবদ্ধ নির্বাচন করতে আগ্রহী জাতীয় পার্টি। কিন্তু আমরা দেখলাম, জাতীয় পার্টিকে ভোটের বাইরে রাখার দাবিতে ইসিকে আহবান জানিয়েছিলো

গণঅধিকার পরিষদ। এছাড়াও ফ্যাসিস্টের দোসর বলে আরো বিভিন্ন রাজনৈতিক দলও, আপনারা যেন নির্বাচন না করতে পারেন সেটি চাইছে। কি বলবেন? নির্বাচনে জাতীয় পার্টির কি অবস্থান হবে ?

বড় একটা দল, জাতীয় পার্টিকে ছাড়া নির্বাচন হলে সেটা কি অংশগ্রহণমূলক নির্বাচন বলা যাবে কিনা? নির্বাচন প্রশ্নবিদ্ধ হবে কিনা? গনতন্ত্রের স্বার্থে ইনক্লুসিভ নির্বাচনের কথা বলা হচ্ছে, সেটা বিশ্বের কাছে গ্রহণযোগ্য হবে কিনা?

ইসির সাথে বেশ কয়েকটি রাজনৈতিক দলের সংলাপ শুরু হয়েছে। ইসির সংলাপে জাতীয় পার্টি কি ডাক পাবে? ভোটে অংশ নেওয়া নিয়ে গ্রিন সিগন্যাল পাবেন কিনা? না পেলে কি করবেন?

Published Copy:

https://youtu.be/94_HHN6hvB0?si=3HX7JYxnj0h

Image "1.4": Poster of the Talk show

Mistakes:

- In the initial draft, some parts of the questions sounded more like statements than neutral questions.
- A few questions became too long and complex.
- Some sensitive issues were not framed carefully enough in the first version, creating a risk of sounding judgmental.
- There was slight repetition of political background information in more than one question.

Learning Outcomes:

- How to frame questions for a high stakes, politically television debate.
- Understanding the complex narratives surrounding political accountability, judicial process and international perception.

Project 7:

Project Title: জুলাই গণহত্যা: কতটা হলো ন্যায় বিচার ?

Type of Work: Talk Show script

Project Date: 17 November, 2025

Project Details: This project involves writing the final script and questions for a televised political discussion on the show Notun Bangladesh Episode 55. The central theme is in the project is the verdict in the July Genocide case against Sheikh Hasina by the International Crimes Tribunal (ICT). The discussion critically examines the judicial process, the effectiveness of the verdict given Hasina's fugitive status in India, the diplomatic challenges with India, the political implications of the verdict for the Awami League and the broader social impact of the ruling.

My Roles and responsibility:

- Draft questions focusing on the legality, efficacy and political consequences of the ICT's verdict.
- Integrate and analyze various statements from key figures Asif Nazrul, Sajeeb Wazed Joy, Nahid Islam and international media BBC, India's statement.
- Ensure the final set of questions is structured for a dynamic and comprehensive debate.

Challenges:

This assignment was highly challenging because it concentrated on a verdict concerning an ex prime minister and the issue of alleged genocide which are among the most sensitive and controversial subjects in Bangladeshi politics. Preparing a discussion outline involving legal procedures, accountability and justice required extreme caution to avoid defamation, political bias, or misinformation. Another major challenge was addressing the diplomatic angle, especially Bangladesh and India relations regarding extradition. Explaining possible legal and political processes for bringing a fugitive back from another country without appearing speculative or opinionated was difficult.

My Edited copy

মধুমতি ব্যাংক পিএলসি লি.

নতুন বাংলাদেশ

এপিসোড- ৫৫

১৭ নভেম্বর ২০২৫

উপস্থাপক: জান্নাতুল সাদিয়া

অতিথি:

- **ব্যারিস্টার সৈয়দ ইজাজ কবির**

মানবাধিকার বিষয়ক সম্পাদক, জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম

- **ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ**

সাধারণ সম্পাদক, এবি পার্টি

- **অ্যাড. মুজাহিদুল ইসলাম শাহিন**

যুগ্ম আহবায়ক, এনসিপি ও সহকারী অ্যাটর্নি জেনারেল

বিষয়: জুলাই গণহত্যা: কতটা হলো ন্যায় বিচার ?

১। জুলাই অভ্যুত্থান সংশ্লিষ্ট কোনো মামলার প্রথম রায় হলো এবং বাংলাদেশের প্রথম সাবেক সরকারপ্রধান, যার এমন রায় হলো। আর সেই আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল থেকেই শেখ হাসিনার সর্বোচ্চ সাজার রায় এল, যে আদালতটা তার সরকারের সময় গঠন হয়েছিলো। একাত্তরের যুদ্ধাপরাধের বিচারের জন্য। শুরুতেই জানতে চাই, প্রশ্ন: কতটা ন্যায়বিচার হলো? শেখ হাসিনার বিচার প্রক্রিয়া যথাযথ মনে হয়েছে কিনা? স্বচ্ছতা জবাব্দিহিতা মান কেমন মনে হলো?

২। আজকের এই রায়কে ন্যায় প্রতিষ্ঠার শ্রেষ্ঠ ঘটনা বলে মন্তব্য করেছেন আইন উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল। একই সঙ্গে তিনি বলেছেন, শেখ হাসিনাকে এ দেশে ফেরাতে ভারতের কাছে আবারও চিঠি দেবে সরকার। আরও অন্যান্য উপদেষ্টারাও বলেছেন এটি। কিন্তু ভারত সরকার অলরেডি বিবৃতি দিয়েছে প্রতিক্রিয়া জানিয়ে। বিষয়টি ভারত সরকারের নজরে এসেছে। এবং একটি ঘনিষ্ঠ প্রতিবেশী হিসেবে বাংলাদেশের জনগণের সর্বোত্তম স্বার্থ, এখানকার শান্তি, গণতন্ত্র, অন্তর্ভূক্তিমূলক ব্যবস্থা ও স্থিতিশীলতার বিষয়ে ভারত প্রতশ্রিুতবিদ্ধ। ভারত এসব বিষয়ে সকল অংশীদারদের সঙ্গে গঠনমূলকভাবে যোগাযোগ রাখবে।অন্যদিকে, বিবিসি বাংলার একটা প্রতিবেদনে বা হচ্ছে, কৈফিয়তের জন্য চাপ বাড়লেও শেখ হাসিনাকে ফেরাচ্ছে না ভারত।

এমনটাই আভাস পাওয়া যাচ্ছে। এইরকম পরিস্থিতিতে ভারত থেকে শেখ হাসিনাকে কিভাবে ফেরানো যাবে? সরকার কি ধরণের পদক্ষেপ নিতে পারে? কোন প্রক্রিয়ায় ফেরানো যেতে পারে?

৩। ভারতকে কি বাধ্য করা যাবে কিনা শেখ হাসিনাকে ফেরাতে? রায় তো হলো কিন্তু হাসিনা কামাল দুজনেই তো পলাতক। হাসিনাকে না ফেরাতে পারলে এই রায় কিভাবে কার্যকর হবে ? বা আদৌ কার্যকর হবে কিনা, শংকা তো থেকেই যায়?

৪। আইন উপদেষ্টা বলেছেন, ভারত যদি এই গণহত্যাকারীকে আশ্রয় দেওয়া অব্যাহত রাখে, তাহলে ভারতকে বুঝতে হবে এটা বাংলাদেশ এবং বাংলাদেশ মানুষের বিরুদ্ধে একটা শত্রুতা এবং নিন্দনীয় আচরণ। এরকমটাও বলেছেন উপদেষ্টারা। কিন্তু ভারতের শীর্ষস্থানীয় কর্মকর্তারা বিবিসিকে আভাস দিয়েছেন, এই রায়ের ফলে শেখ হাসিনাকে নিয়ে দিল্লির অবস্থান আদৌ বদলাচ্ছে না এবং তাকে বাংলাদেশের হাতে তুলে দেওয়ারও কোনো প্রশ্ন উঠছে না। এবং রায়ের আগে আমরা দেখলাম সজীব ওয়াজেদ জয় রয়টার্সকে বলেছেন, ভারত শেখ হাসিনার পূর্ণ নিরাপত্তা দিচ্ছে এবং তাকে 'রাষ্ট্রপ্রধানের মতো' সম্মান দেয়া হচ্ছে। প্রশ্ন: ভারত কি বাংলাদেশের অনুরোধে কর্ণপাত করবে ?

৫। এই রায়কে খুব স্বাভাবিকভাবেই প্রত্যাখ্যান করেছেন শেখ হাসিনা। এবং এর আগেও তিনি এই বিচারকাজকে রাজনৈতিক প্রতিপক্ষ নিয়ন্ত্রিত, উদ্দেশ্যপ্রণোদিত বলছেন, ক্যাংগারু কোর্টের অধীনে। অথচ এর আগে শেখ হাসিনার শাসনামলে যখন পেই ট্রাইবুনাল নিয়ে প্রশ্ন উঠেছিলো, তখন তিনিই বলতেন, এটি আন্তজার্তিক মানসম্মত। কিন্তু যদি আমরা দেখি, এই ট্রাইবুনাল পুনর্গঠনের আগে ১৫ বছরের বেশি সময়ে একাত্তরের মানবতাবিরোধী অপরাধের মোট ৫৭ টি মামলার রায় দিয়েছিল আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। এর মধ্যে সব আইনি প্রক্রিয়া শেষে মৃত্যুদণ্ড কার্যকর হয়েছিল ছয়জনের। শেখ খাসিনার সময়ে গড়া এই ট্রাইবুনালে এর আগে যত রায় হয়েছে, তার এমন মন্তব্যের জন্য সেটাই প্রশ্নবিদ্ধ হলো কিনা? অথবা এই রায় নিয়ে ভবিষ্যতে প্রশ্ন উঠার সুযোগ তৈরি হবে কিনা?

৬। প্রশ্ন: এই রায়ের মধ্য দিয়ে আগামী দিনে বাংলাদেশের রাজনীতিতে শেখ হাসিনার পর্বের সমাপ্তি হলো কিনা ?

৭। আগামী এক মাসের মধ্যে শেখ হাসিনাকে দেশে ফেরত এনে রায় কার্যকর করতে হবে। এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম এই দাবি জানিয়েছেন? কিভাবে সম্ভব একমাসের মধ্যে রায় করা? আপনাদের সব চাওয়া কি দাবি হতে পারে কিনা?

এনসিপি বলছে, রাজস্বাক্ষী হলেও তার পাঁচ বছরের সাজা যথেষ্ট নয়। রাজসাক্ষী হওয়ায় মামুনের সাজা কম হওয়াকে নিয়ে কোনো মন্তব্য করতে চান কিনা? আইজিপির ঠিক কি সাজা হলে ভালো হতো বলে আপনারা মনে করেন? রায়ের পরে, এবার দল হিসেবে আ. লীগের বিচার শুরু করার দাবি এনসিপির। তাদের রাজনৈতিক কর্মকান্ড তো নিষিদ্ধ আছেই। তো দল হিসেবে আওয়ামী লীগের বিচার ঠিক কি বিচার চাইছেন আপনারা?

কিন্তু আওয়ামী লীগের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার করা না হলে সংহিস বিক্ষোভের হুমকি দিয়েছেন সজীব ওয়াজেদ জয়। যদি সহিংস বিক্ষোভ শুরু হয়, তাহলে দেশে আরো অস্থিতিশীল অবস্থা শুরু হবে না? দেশ সংঘাতের পথে চলে গেলে আপনারা কিভাবে সামাল দেবেন? রায়কে কেন্দ্র করে বিভিন্ন জায়গায় আগুন সন্ত্রাস চলেছে। উস্কানি হিসেবে দেখেন কিনা? ইলেকশনের আগে নৈরাজ্য সৃষ্টির আশংকা দেখেন কিনা?

